RNI No. 71057/96

Bengali fortnightly newspaper

# পূর্বোত্তর

১৯৯৬ সন থেকে প্রকাশিত

www.facebook.com/purbottar
www.purbottar.in

**বিজ্ঞপ্তি**

আপনাদের গল্প, কবিতা, মৌলিক রচনা আমাদের contact@purbottar.in –এ ই-মেইল অথবা, 7547930235 নাম্বারে হোয়াটস্ অ্যাপ করুন।

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন- 9775273453

বর্ষ: ২৭, সংখ্যা: ১৮, কোচবিহার, শুক্রবার, ৮ সেপ্টেম্বর - ২১ সেপ্টেম্বর, ২০২৩, পৃষ্ঠা সংখ্যা: ৮

Vol: 27, Issue: 18, Cooch Behar, Friday, 15 September - 21 September, 2023, Pages: 8, Rs. 3

## শিক্ষক দিবসে স্কুলে তালা

### চক্রান্তের অভিযোগ প্রধান শিক্ষকের



**নিজস্ব সংবাদদাতা, দিনহাটা:** শিক্ষক দিবসের দিন সকালে একটি স্কুলে তালা ঝুলিয়ে আন্দোলনে নামলো অভিভাবক ও পড়ুয়ারা। মঙ্গলবার দিনহাটা-২ নম্বর ব্লকের বামনহাট-২গ্রাম পঞ্চায়েতের কালমাটি হাইমাদ্রাসায় এই ঘটনাকে ঘিরে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। খবর পেয়ে সাহেবগঞ্জ থানার পুলিশ সেখানে ছুটে আসে। ছাত্র-ছাত্রীদের পাশাপাশি অভিভাবকদের সাথে কথা বলেন। ছাত্র-ছাত্রীদের দাবি স্কুলে তাদের নানাভাবে পঠন পাঠনে ব্যাঘাত ঘটছে। অথচ স্কুলের প্রধানশিক্ষক প্রায়ই স্কুলে আসেন না। শুধু তাই নয় আমাদের ঠিকমত ক্লাস হয় না। স্কুল কর্তৃপক্ষের বিরুদ্ধে নানা অভিযোগ তুলে আন্দোলনে নামে অভিভাবকরাও। এদিন স্কুলের শিক্ষকরা স্কুলে এলে বাইরে থেকে গেটে তালা ঝুলিয়ে দেয় আন্দোলনকারীরা। অভিভাবকদের পাশাপাশি ছাত্র-ছাত্রীরা জানান, যতক্ষণ পর্যন্ত স্কুলের পরিকাঠামো থেকে শুরু করে পঠন-পাঠন ঠিক না হবে আন্দোলন চলবে। এমনকি স্কুলের প্রধানশিক্ষক অধিকাংশ দিনই আসেন না বলে অভিযোগ। দীর্ঘদিন ধরে এই অবস্থা চলছে। প্রধানশিক্ষক অবশ্য জানান, তিনি বর্তমানে ছুটিতে রয়েছেন। তার উপরে নানাভাবে উদ্দেশ্য প্রণোদিতভাবে চাপ সৃষ্টি করা হচ্ছে।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, স্কুলের প্রধানশিক্ষক বেলাল হোসেন অধিকাংশ সময়ই ছুটিতে থাকেন। স্কুলে বর্তমানে মাত্র ৬ জন শিক্ষক থাকলেও তারাও সময়মতো সব ক্লাস নিতে পারেন না বলে অভিযোগ। পঞ্চম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত স্কুলে পড়ুয়ার সংখ্যা পাঁচ শতাধিক। ক্লাস ঘরগুলির অবস্থাও ভালো নেই। স্কুলের ১৩ জন শিক্ষকের পদ ফাঁকা থাকলেও নিয়োগ সংক্রান্ত বিষয় নিয়েও কর্তৃপক্ষের কোনো হেলদোল নেই। স্কুলে অধিকাংশ ক্লাসই ঠিকমতো হয় না। স্কুল কর্তৃপক্ষকে জানিয়েও কোনো রকম সমস্যার সমাধান না হওয়ায় এইদিন অভিভাবক ও পড়ুয়ারা মিলে তালা ঝুলিয়ে দেয়। স্কুলের পড়ুয়ারা বলেন, আমরা স্কুলে এলেও ঠিকমত ক্লাস হয় না। আগামী বছর মাধ্যমিক পরীক্ষার খুব বেশি দেরি নেই। এমত অবস্থায় বাধ্য হয়ে আমরা আন্দোলনে নেমেছি।

মাদ্রাসার প্রধানশিক্ষক বেলাল হোসেন জানান, আমি গত ২৮ শে আগস্ট থেকে ছুটিতে রয়েছি। স্কুলে তালা দেওয়ার পেছনে আমার বিরুদ্ধে চক্রান্ত চলছে। সাহেবগঞ্জ থানার পুলিশ সূত্রে জানা গিয়েছে, স্কুলে তালা ঝুলিয়ে দেওয়ার ঘটনা জানতে পেরেই পুলিশ সেখানে ছুটে গিয়ে তদন্ত শুরু করেছে।

## কুরুচিকর মন্তব্যের প্রতিবাদে বিজেপির ধিক্কার মিছিল

**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** রাজবংশী সম্প্রদায়ের সঙ্গে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তার পায়ের তুলনা করায় রাজ্য জুড়ে শুরু হয়েছে সমালোচনা। তৃণমূল ছাত্র পরিষদের ছাত্র সমাবেশে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, তার একটি পা রাজবংশী এবং অন্যটি মতুয়া। মুখ্যমন্ত্রীর এই বক্তব্যের প্রতিবাদে কোচবিহার শহরে ভারতীয় জনতা সংযুক্ত মোর্চার পক্ষ থেকে একটি ধিক্কার মিছিল শহর জুড়ে পরিক্রমা করে। কোচবিহার শহরের বিভিন্ন রাস্তা পরিক্রমা করে মুখ্যমন্ত্রীর এই বক্তব্যের ধিক্কার জানায় ভারতীয় জনতা সংযুক্ত মোর্চার সদস্যরা। এদিনের এই মিছিলে অংশগ্রহণ করেন ভারতীয় জনতা পার্টির কোচবিহার জেলা সভাপতি সুকুমার রায় সহ বিভিন্ন নেতৃত্বরা। এই ধিক্কার মিছিলের মধ্য দিয়ে ভারতীয় জনতা সংযুক্ত মোর্চার পক্ষ থেকে দাবি জানানো হয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যেভাবে জনসমাবেশে এই মন্তব্য করেছেন তেমনভাবে কোচবিহারের মাটিতে দাঁড়িয়ে জন সমাবেশে ক্ষমা চাইতে হবে রাজবংশী সম্প্রদায়ের মানুষের কাছে। কোচবিহার জেলা যুব মোর্চার সভাপতি কুমার চন্দন নারায়ন




বলেন, গত ২৮ শে আগস্ট তৃণমূল ছাত্র পরিষদের ছাত্র সমাবেশে রাজবংশী সম্প্রদায়ের মানুষদের যেভাবে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় অপমান করেছেন তা রাজবংশী সম্প্রদায়ের মানুষ ভালোভাবে নেয়নি। বিভিন্ন সময় দেখা গিয়েছে তৃণমূলের বিভিন্ন নেতারা রাজবংশী সম্প্রদায়ের মানুষদের বিভিন্নভাবে ছোট করে দেখানোর চেষ্টা করেছে। এবার দেখা যাচ্ছে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তার পায়ের সঙ্গে রাজবংশীদের তুলনা করছে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যেভাবে জনসমক্ষে রাজবংশী সম্প্রদায়ের মানুষকে অপমান করেছেন তেমনি ভাবেই জনসমাবেশে কোচবিহারের মাটিতে দাঁড়িয়ে রাজবংশী সম্প্রদায়ের মানুষের কাছে ক্ষমা চাইতে হবে।

### টানটান লড়াই

## ধূপগুড়িতে শেষ হাসি হাসলো তৃণমূল



**নিজস্বসংবাদদাতা,জলপাইগুড়ি:** ধূপগুড়ির দখল নিল তৃণমূল। বিজেপি প্রার্থী তাপসী রায়কে টানটান লড়াইয়ে হারিয়ে জয়ী হলেন তৃণমূলের নির্মল চন্দ্র রায়। ভোটে জেতার সঙ্গে সঙ্গেই জলপাইগুড়ি গণনা কেন্দ্র সংলগ্ন এলাকা সহ বানারহাট এবং ধূপগুড়ি উপনির্বাচনের বিভিন্ন জায়গার তৃণমূল কংগ্রেস কর্মীদের উল্লাসে মেতে উঠতে দেখা যায়। টানটান উত্তেজনার মধ্য দিয়ে এদিনের ভোট গণনাপর্ব চলে। ভোট গণনার সকাল থেকে এ যেন চলছিল সাপ-সিঁড়ি খেলা! কখনও এগিয়ে যাচ্ছে বিজেপি, আবার কখনও তৃণমূল। শুক্রবার সকাল ৮টা থেকে জলপাইগুড়ির উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ক্যাম্পাসে শুরু হয়েছে উপনির্বাচনের গণনা। গণনার শুরু থেকেই প্রবল টানাপোড়েন চলে। প্রথমদিকে তৃণমূলকে পেছনে ফেলে অনেকটাই এগিয়ে যান বিজেপি প্রার্থী তাপসী রায়। তবে চতুর্থ রাউন্ডে বিজেপির থেকে ৩৬০ ভোটে এগিয়ে যান তৃণমূল প্রার্থী নির্মল চন্দ্র রায়। তবে পঞ্চম রাউন্ডের শেষে ৮০০ ভোটের ব্যবধানে ফের তৃণমূলকে পেছনে ফেলে এগিয়ে যায় বিজেপি। পরে সপ্তম রাউন্ডে ফের ঘুরে দাঁড়ায় তৃণমূল। বিজেপি থেকে ২ হাজার ৭৩১ ভোটে এগিয়ে যায় ঘাসফুল শিবির। তারপর থেকে আর তৃণমূল প্রার্থীকে পিছনে তাকাতে হয়নি। যতো রাউন্ড বেড়েছে ততই পাল্লা দিয়ে বেড়েছে ব্যবধান। তবে শেষ অবধি কড়া টক্কর দিয়ে গিয়েছেন বিজেপি প্রার্থী তাপসী রায়।

## উপেক্ষা বৃষ্টিকে, চলছে পুজোর কাজ জোরকদমে



**পার্থ নিয়োগী:** ক্যালেন্ডারের পাতা বলছে ভাদ্র মাস। শরৎকাল শুরু। কিন্তু প্রকৃতিকে দেখে তা বোঝার উপায় নেই। আকাশের মুখ ভার। দিনরাত বৃষ্টিতে বেসামাল রাজনগর। তাই বলে পুজোর কাজে খামতি রাখা নেই। বৃষ্টি মাথায় নিয়েই চলছে কোচবিহারে পুজোর মন্ডপ প্রস্তুতির কাজ। যদিও এতে ঝক্কি সামলাতে হচ্ছে প্রচুর। তবুও পুজো বলে কথা। উত্তরের শান্তিকুঠির ক্লাব থেকে শুরু করে দক্ষিণের ঘোষপাড়া ইয়ুথ ক্লাব সবখানেই চলছে সমান ব্যস্ততা। মাঠে চলছে মন্ডপের নির্মাণ কাজ। এমনই এক মন্ডপের কাজে যুক্ত ব্যক্তি হলেন রতন দাস। তিনি বললেন, বৃষ্টিতে মাঠে জল জমে থাকার কারণে বাঁশ গাড়তে অসুবিধা হচ্ছে। সেসাথে মাটি হালকা থাকার কারণে দেরি হচ্ছে কাজের। কাপড় ভিজে যাচ্ছে। শুকোবার রোদের দেখা নেই। ফলে পিছিয়ে যাচ্ছে কাজ। কিন্তু তাই বলে বসে নেই কেউই। এত প্রতিকূলতা সামলে চলছে তাদের কাজ। দরকারে বেশি লোক মিলে কাজ করছেন। যাতে ঠিক সময়মতোই মন্ডপের কাজ শেষ হয়। তা সে যতই বৃষ্টি হোক।

## পালিত আন্তর্জাতিক সাক্ষরতা দিবস

**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** পশ্চিমবঙ্গ সরকারের জনশিক্ষা প্রসার অধিকারের উদ্যোগে কোচবিহার ল্যান্সডাউন হলে পালিত হল আন্তর্জাতিক সাক্ষরতা দিবস। কোচবিহার বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রীরা অংশ নেন অনুষ্ঠানে। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা শাসক পবন কদিয়ান, উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগমের চেয়ারম্যান পার্থপ্রতিম রায় সহ বিশিষ্টজনেরা।Urbefectus,

## বদলি হলেন কোচবিহারের জেলাশাসক ও পুলিশ সুপার

পবন কাদিয়ান



সুমিত কুমার



## এলেন কোচবিহারের নতুন জেলাশাসক ও পুলিশ সুপার

অরবিন্দ কুমার মিনা



দ্রুতিমান ভট্টাচার্য



# ভয়াবহ অগ্নিকান্ডে পুড়ে ছাই বসতবাড়ি



**নিজস্ব সংবাদদাতা, মালদা:** বুধবার ভোররাতে ভয়াবহ অগ্নিকান্ডে পুড়ে ছাই হল চারটি বসতবাড়ি। অল্পের জন্য প্রাণে রক্ষা পেলেন চার দিনমজুরের পরিবারের লোকেরা। অগ্নিকাণ্ডটি ঘটে বুধবার ভোর চারটা নাগাদ হরিশ্চন্দ্রপুর-২ নং ব্লকের সুলতান নগর গ্রাম পঞ্চায়েতের সুলতান নগর উত্তরপাড়ায়। অগ্নিকাণ্ডে পুড়ে ছাই হয়ে যায় বাবা হেমালুদ্দিন ও তার চার ছেলের বসতবাড়ি। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এদিন ভোর রাতে হেমালুদ্দিনের বাড়ি দাউদাউ করে জ্বলতে দেখে প্রতিবেশীরা ছুটে যান। প্রথমদিকে আগুন নেভানোর কাজে হাত লাগালেও আগুনের লেলিহান শিখা এতটাই তীব্র ছিল যে আগুন নিয়ন্ত্রণ করতে অক্ষম হয়ে পড়েন স্থানীয়রা। ফোন করা হয় তুলসীহাটা দমকল অফিসে। ঘটনাস্থলে দমকলের একটি ইঞ্জিন পৌঁছানোর আগেই বাড়িতে থাকা আসবাবপত্র, কাপড় চোপড়, শস্য, কাগজপত্র ও নগদ কিছু অর্থ পুড়ে ছাই হয়ে যায়। আগুন লাগার সঠিক কারণ জানা যায়নি

# নিজ বাসভবনে রাখীবন্ধন উৎসব পালন করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী

**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** ভেটাগুড়িতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রীর নিজ বাসভবনে রাখীবন্ধন উৎসব পালন ১৩ বেঙ্গল এনসিসি ক্যাডেটদের। বুধবার দুপুর বারোটা নাগাদ ভেটাগুড়িতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশীথ প্রামাণিককে রাখী পরিয়ে এই দিনটি সাড়ম্বরে পালন করল ১৩ বেঙ্গল এনসিসি ক্যাডেটের মেয়েরা। এদিন প্রথমে কেন্দ্রীয় প্রতিমন্ত্রীকে বরণ করে নিয়ে তারপর তার হাতে রাখী পড়ায় বেঙ্গল এনসিসি ক্যাডেটের মেয়েরা। রাখীবন্ধন উৎসব শেষে সকলকে



মিষ্টি মুখ করান কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশীথ প্রামাণিক।

## দাবি বাসিন্দাদের

# লক্ষ্মীর ভান্ডার চাই না, চাই নদী বাঁধ



**নিজস্ব সংবদদাতা, দিনহাটা:** আমাদের লক্ষীর ভান্ডার বা ১০০ দিনের কাজের টাকা চাই না, সরকার যেন একটি স্থায়ী নদী বাঁধের ব্যবস্থা করে তাহলেই আমরা খুশি। ধরলার প্রখর ভাঙ্গনে জর্জরিত হয়ে কাতর কণ্ঠে এমনটাই জানালেন দিনহাটা-১ নং ব্লকের গিতালদহ -২ নং গ্রাম পঞ্চায়েতের দরীবস, দড়িবস কলোনি, জারিধরলা ও ভারবান্দা গ্রামের বাসিন্দারা। এদিন বাসিন্দারা জানান, প্রত্যেক বছর ধরলা নদী তার পাড় ভাঙলেও এবছর ভাঙ্গন নিয়েছে মারাত্মক আকার। বিগত এক সপ্তাহের ভাঙ্গনে ইতিমধ্যেই নদীগর্ভে বিলীন হয়ে গিয়েছে ৭০-৮০ বিঘা জমি সেই সঙ্গে তিন চারটি বসতবাড়িও। অপরদিকে বিলীন হওয়ার অপেক্ষায় প্রহর গুনছে আরো বেশ কিছু চাষের জমি এবং কয়েকটি বাড়ি। বাসিন্দারা আশঙ্কা প্রকাশ করছেন আর দুই-একদিনের মধ্যে সেই সব বাড়ি এবং চাষের জমিও নদীগর্ভে বিলীন হয়ে যাবে।

এই চারটি গ্রামের বাসিন্দাদের অভিযোগ দুই বছর আগে ১০০ দিনের কাজের প্রকল্পের আওতায় নদী ভাঙ্গন প্রতিরোধে যে নদী বাঁধ নির্মাণ করা হয়েছিল তার কাজ ছিল অত্যন্ত নিম্নমানের। খুব ছোট ছোট আকারের পাথর এবং বালি দিয়ে নির্মাণ করা হয়েছিল সেই বাঁধ। আর তার ফলে এবারের বর্ষায় ধরলার প্রখর স্রোতে নিমিষেই ভেঙ্গে গিয়েছে সেই বালির বাঁধ। বাঁধ ভেঙ্গে যাওয়ায় নদীর করাল গ্রাসে পড়েছে স্থানীয় বসতবাড়ি সহ চাষের জমি।

অপরদিকে বাসিন্দাদের অভিযোগের সত্যতা স্বীকার করে গিতালদহ -২ নং গ্রাম পঞ্চায়েতের সদ্য দায়িত্বপ্রাপ্ত প্রধান আনোয়ারা বিবি জানান, নদী ভাঙ্গন গিতালদহ ২ নং গ্রাম পঞ্চায়েতের প্রধান সমস্যা। তিনিও প্রশাসনকে অনুরোধ করেন প্রশাসন যেন দ্রুত নদী বাঁধ নির্মাণের বিষয়ে সচেষ্ট হয়।

# টেট পাশ ঐক্য মঞ্চের বিক্ষোভ মিছিল ও স্মারকলিপি প্রদান

**দেবাশীষ চক্রবর্তী, কোচবিহার:** ২০২২ টেট পাশ ঐক্য মঞ্চের সদস্যরা কোচবিহার শহরে বিক্ষোভ মিছিল করলেন ও কোচবিহার জেলা প্রাথমিক বিদ্যালয় পর্ষদে স্মারকলিপি জমা দিলেন ২০২২ টেট পাশ ঐক্য মঞ্চের সদস্যরা। শুক্রবার কোচবিহার রাজবাড়ী স্টেডিয়াম থেকে বিক্ষোভ মিছিল করে কোচবিহার জেলা প্রাথমিক বিদ্যালয় পর্ষদে স্মারকলিপি জমা দেন ঐক্য মঞ্চের সদস্যরা। ৫ দফা দাবি নিয়ে তারা এই স্মারকলিপি জমা দেন। তাদের দাবিগুলির মধ্যে রয়েছে মুখ্যমন্ত্রী এবং পর্ষদ সভাপতিকে দ্রুত নিয়োগ প্রক্রিয়া শুরু করতে হবে, জেলার সমস্ত প্রাথমিক বিদ্যালয় পঞ্চম শ্রেণী অন্তর্ভুক্তিকরণ করতে হবে, ২০২২ টেট পাশদের দ্রুত নিয়োগ করতে হবে, জেলার প্রাথমিক স্কুলগুলির পরিকাঠামো উন্নয়ন ঘটিয়ে ড্রপআউট ছাত্র-ছাত্রীদের স্কুলমুখী করে তুলতে হবে। প্রতিশ্রুতি মতো বছরে দু'বার টেট নিয়োগ সুনিশ্চিত করতে হবে। নতুন চাকুরি প্রার্থীদের ইন্টারভিউ নোটিফিকেশন দিতে হবে। তাদের এই দাবি অতিসত্বর কার্যকারী করতে হবে বলে ঐক্য মঞ্চের সদস্যরা জানান।

# রাখী পরিয়ে শুভেচ্ছা



**নিজস্ব সংবাদদাতা, জলপাইগুড়ি:** জেলা পরিষদের সভাধিপতি থেকে অতিরিক্ত জেলাশাসক, বিধায়ক, পুলিশ কর্মীদের ও সাংবাদিকদের রাখী পরিয়ে শুভেচ্ছা জানালেন ব্রহ্মাকুমারী সেন্টারের ভাই বোনেরা। মঙ্গলবার ব্রহ্মাকুমারী ঈশ্বরীয় বিশ্ববিদ্যালয়ের জলপাইগুড়ি শাখার পক্ষ থেকে জলপাইগুড়ি প্রেস ক্লাব এবং থানা জেলা পরিষদের সভাধিপতি থেকে বিধায়ক, অতিরিক্ত জেলাশাসক, এলআইসি ডিভিশনাল ম্যানেজার, পুলিশ সহ বিভিন্ন স্থানে উপস্থিত হয়ে পবিত্র রাখী পূর্ণিমার শুভেচ্ছা সহ হাতে রাখী পরিয়ে মিষ্টিমুখ করানো হয়। জলপাইগুড়ি প্রেস ক্লাবের সম্পাদক সহ অন্যান্য সদস্যদের হাতে রাখী পরিয়ে দেওয়া হয় সংগঠনের পক্ষ থেকে।

# যাত্রী সুরক্ষা আঁটোসাটো করতে উদ্যোগ রেল পুলিশের



**নিজস্ব সংবাদদাতা, জলপাইগুড়ি:** যাত্রী সুরক্ষা আঁটোসাটো করতে উদ্যোগী হলো রেল পুলিশ। সম্প্রতি মাদুরাইতে ট্রেনে অগ্নিকাণ্ডের ঘটনা এবং বন্দে ভারত সহ অন্যান্য ট্রেনে পাথর নিক্ষেপের ঘটনা সহ ট্রেনে অগ্নিকাণ্ড এড়াতে বিশেষ সচেতনতা প্রচারের উদ্যোগ নিলো রেল পুলিশ। এই কর্মসূচির অধীনে জলপাইগুড়ি রোড স্টেশনে সচেতনতা প্রচারের নামে আরপিএফ আধিকারিকেরা। তারা অসম ও শিলিগুড়িমুখী বিভিন্ন ট্রেনে সচেতনতা প্রচার চালায় বলে জানান আরপিএফ আধিকারিক। এর পাশাপাশি রেল চায় হকারমুক্ত ট্রেন, তারও প্রচার চালানো হয়।

# কলেজ ছাত্রী খুনের ফাঁসির সাজা



**নিজস্ব সংবাদদাতা, মালদা:** বহরমপুরের কলেজ ছাত্রী খুনের ঘটনায় ফাঁসির সাজা দেওয়া হল অভিযুক্ত সুশান্ত চৌধুরীকে। কার্যত এই রায়দানের পর মৃত সুতপা চৌধুরী পরিবারের লোকেরা কিছুটা হলেও স্বস্তি পেল। তারা বলছেন এবারে তাদের মেয়ের আত্মা শান্তি পাবে। তবে মেয়ের এই মৃত্যুতে কান্নায় ভেঙে পড়েন পরিবারের সকলে।

## ঘরে ঘরে নেতাজি

# সংগঠনকে চাঙ্গা করতে চলেছে ফরওয়ার্ড ব্লক




**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** ঘরে ঘরে নেতাজি স্লোগানকে সামনে রেখে এবার নতুন করে সংগঠনকে চাঙ্গা করে তোলার বিষয়ে কাজ শুরু করতে চলেছে সারা ভারত ফরওয়ার্ড ব্লক। এদিন ফরওয়ার্ড ব্লকের দলীয় কার্যালয়ে সাংবাদিক বৈঠক করে এমন কথাই জানালেন সংগঠনের সাধারণ সম্পাদক অক্ষয় ঠাকুর। উপস্থিত ছিলেন দীপক সরকার সহ অন্যান্য নেতৃত্ব। আগামী তিন তারিখ ছাত্র ফেডারেশনের সম্মেলন, ২২ শে সেপ্টেম্বর মহিলা সংগঠনের সম্মেলনের পাশাপাশি ১১ ই অক্টোবর একটি বড় অনুষ্ঠান হতে চলেছে নেতাজিকে সামনে রেখে। নেতাজির প্রতি মানুষের বিশ্বাস এবং আন্তরিকতা কতটা রয়েছে এই বিষয়টি সামনে ধরে রেখে দলকে সংগঠন করবে ফরওয়ার্ড ব্লক।

# শিল্পে বাঁধা অভিযোগ তুলে সাংবাদিক বৈঠক শিল্পদ্যোগীদের




**নিজস্ব সংবাদদাতা, শিলিগুড়ি:** শিল্পে বাঁধা দিচ্ছে একদল দুষ্কৃতি, এমনই অভিযোগ করলো নর্থবেঙ্গল ইন্ডাস্ট্রিজ অ্যাসোসিয়েশন। শুক্রবার শিলিগুড়ি জার্নালিস্টস ক্লাবে সাংবাদিক বৈঠক করে একাধিক অভিযোগ তোলেন সংগঠনের সদস্যরা। এনিয়ে ইতিমধ্যেই রাজ্যের মুখ্যমন্ত্রী সহ স্থানীয় জেলা পুলিশ প্রশাসনের কাছেও লিখিতভাবে অভিযোগ জানানো হয়েছে বলে জানান সংগঠনের সদস্যরা। রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় চাইছেন শিল্পদ্যোগীরা রাজ্যে এসে বিনিয়োগ করুক। মুখ্যমন্ত্রীর সেই ডাকে সাড়া দিয়েই অসম থেকে এক শিল্পদ্যোগী শিলিগুড়ি লাগোয়া রাজগঞ্জ ব্লক এলাকায় কারখানা খুলেছেন। শুরুতে সব ঠিকঠাক থাকলেও সম্প্রতি একদল দুষ্কৃতির দৌরাত্ম্যে সমস্যায় পড়েছেন ওই কারখানার মালিক।

# পুলিশ দিবস উপলক্ষে অনুষ্ঠিত হলো অঙ্কন প্রতিযোগিতা



**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** পুলিশ দিবস উপলক্ষে কোচবিহার নেতাজি ইনডোর স্টেডিয়ামে জেলা পুলিশের উদ্যোগে অনুষ্ঠিত হলো বসে আঁকো প্রতিযোগিতার। এদিনের এই প্রতিযোগিতায় তিনটি বিভাগে প্রায় ২০০ জনের বেশি প্রতিযোগী অংশগ্রহণ করে। এদিনের এই অনুষ্ঠানের উদ্বোধন করেন কোচবিহারের জেলাশাসক পবন কাদিয়ান, এছাড়াও উপস্থিত ছিলেন পুলিশ সুপার সুমিত কুমার, অতিরিক্ত পুলিশ সুপার কুমার সানি রাজ সহ জেলা পুলিশের অন্যান্য আধিকারিকেরা। পুলিশ দিবস উপলক্ষে আগেই কোচবিহার জেলার সমস্ত থানার পক্ষ থেকে বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল। সেখান থেকে জয়ী প্রতিযোগিরা এদিন এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।

# জেলা যুব মোর্চার সহ-সভাপতির বাড়ির সামনে থেকে তাজা বোমা উদ্ধার



**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** তুফানগঞ্জ শহরের ৮ নং ওয়ার্ড বাবুপাড়া এলাকায় বিজেপি নেতার বাড়ির সামনে থেকে বোমা উদ্ধারকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়ায় গোটা এলাকায়। রবিবার সকালে বিজেপির কোচবিহার জেলা যুব মোর্চার সহ-সভাপতি প্রসেনজিৎ বসাকের বাড়ির সামনে থেকে একটি তাজা বোমা উদ্ধার হয়। বিজেপির অভিযোগ রাতে বোমা ছুড়ে মারে তৃণমূলের দুষ্কৃতীরা। বৃষ্টির কারণে সেই বোমা ফাটেনি। সকালে সেই বোমা উদ্ধার হয়। প্রসেনজিৎ বসাকের অভিযোগ রাতের অন্ধকারে তৃণমূল আশ্রিত দুষ্কৃতীরা তার বাড়ির সামনে তাজা বোমা রেখে যায় আজ সকালে ঘুম থেকে উঠে তিনি রাস্তায় বেরোনোর সময় দেখতে পারেন গেটের সামনে তাজা বোমাটি পড়ে রয়েছে। ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় তুফানগঞ্জ থানার পুলিশ সেখান থেকে তাজা বোমাটি উদ্ধার করে থানায় নিয়ে যায় পুলিশ। অপরদিকে সমস্ত অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল কংগ্রেস। তুফানগঞ্জ শহর ব্লকের তৃণমূল যুব সভাপতি তনু সেন বলেন, ভিত্তিহীন অভিযোগ করছে বিজেপি। বিজেপির যুব মোর্চা সহ-সভাপতির গ্রহণযোগ্যতা দলের মধ্যে অনেকটাই কমে গিয়েছে তাই নিজের বাড়ির সামনে নিজে বোমা রেখে প্রচারের আলোয় আসার চেষ্টা করছে।

# বেহাল রাস্তা সংস্কারের দাবিতে পথ অবরোধ



**নিজস্ব সংবাদদাতা, দিনহাটা:** নিগমনগর সংলগ্ন বামনটারীতে মূল রাস্তা অবরোধ করে বিক্ষোভ স্থানীয়দের। সোমবার সকাল সাড়ে দশটা নাগাদ দিনহাটা চৌধুরীহাটগামী মূল রাস্তার নিগমনগর সংলগ্ন বামনটারীতে পথ অবরোধ করে বিক্ষোভ দেখায় স্থানীয় এলাকার বাসিন্দারা। স্থানীয় মানুষদের অভিযোগ দীর্ঘদিন থেকেই মূল পাকা রাস্তায় বেশ বড় বড় গর্ত হয়ে রয়েছে এবং বারংবার সেখানে ঘটছে দুর্ঘটনা। এরপরেও প্রশাসনের কোনরকম হেলদোল না দেখায় তারা আজ পথ অবরোধ করে বিক্ষোভ দেখায়। এই অবরোধের জেরে আটকে পরে সেই রাস্তা দিয়ে চলাচলকারী যাত্রীবাহী ও মালবাহী গাড়ি। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় দিনহাটা থানার পুলিশ।

# আত্মঘাতী সিভিক ভলেন্টিয়ার, দাবি পরিবারের

**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** কামতেশ্বরী ব্রিজ সংলগ্ন এলাকায় গলায় ফাঁস লাগিয়ে আত্মঘাতী এক সিভিক ভলেন্টিয়ার। ঘটনার বিবরণে জানা গিয়েছে বছর একত্রিশের আত্মঘাতী ওই যুবক আতমা চৌধুরী সিতাই থানায় কর্মরত। সোমবার সন্ধ্যায় বাড়ির লাগোয়া একটি গাছে গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করে বলে দাবি পরিবার সূত্রে। এরপর পরিবারের তরফে সিতাই থানায় খবর দেওয়া হলে গভীর রাতেই ঝুলন্ত দেহ উদ্ধার করে থানায় নিয়ে যায় পুলিশ। মঙ্গলবার সকাল দশটা নাগাদ পরিবারের সদস্যরা থানায় লিখিত আবেদন জমা করার পর মরদেহ ময়নাতদন্তে পাঠানো হয়।

পরিবার সূত্রে আরও জানা যায় আত্মঘাতী যুবকের স্ত্রী ও মা তারা দুজনেই উত্তরপ্রদেশে বেড়াতে গেছেন এবং বাড়িতে দাদা বৌদি ছিলেন। জানা যায় কোনো এক সময় তাদের একটি মোটরসাইকেলের শোরুম ছিল, ঘটনাচক্রে ওই শোরুমটি আগুনে পুড়ে যায়। সেই থেকে তাদের আর্থিক অনটন দেখা দেয়। দীর্ঘদিন থেকে মানসিক অবসাদে ভুগছিল সে। সেই কারণেই হয়তো আত্মহত্যার পথ বেছে নেয় এমনটাই পরিবারের দাবি। তবে পুলিশ সূত্রে জানা গিয়েছে ময়নাতদন্তের পরই আত্মহত্যার সঠিক কারণ জানা যাবে।

# চা বাগানে চালু হলো অ্যাম্বুলেন্স পরিষেবা



**নিজস্ব সংবাদদাতা, আলিপুরদুয়ার:** মাদারিহাট ব্লকের ধুমচিপাড়া চা বাগানে মঙ্গলবার আলিপুরদুয়ার জেলা প্রশাসনের পক্ষ থেকে অ্যাম্বুলেন্স পরিষেবা চালু করা হলো। এদিন একটি অ্যাম্বুলেন্স বাগানে দেওয়া হয় যার দেখভালের দায়িত্বে থাকবে বাগান কতৃপক্ষ। এদিন একটি অনুষ্ঠানের মধ্য দিয়ে এই অ্যাম্বুলেন্স পরিষেবা চালু করা হয়। এদিনের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আলিপুরদুয়ার জেলাশাসক সুরেন্দ্র কুমার মিনা, জেলা পরিষদের সভাধিপতি স্নিগ্ধা শৈব, রাজ্যসভার সাংসদ প্রকাশ চিকবড়াইক সহ বিশিষ্টজনেরা। এদিন সাংসদ প্রকাশ চিকবড়াইক জানান, এই অ্যাম্বুলেন্স পরিষেবা আশেপাশের কয়েকটি চা বাগানেও প্রদান করা হবে।

# কোচবিহারে দুটি স্বাস্থ্যকেন্দ্রের উদ্বোধন

**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** কোচবিহার শহরে আরও দুটি পুর স্বাস্থ্যকেন্দ্রের উদ্বোধন হলো। এই নিয়ে শহরে মোট স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা বেড়ে দাঁড়াল ৭ টি। বৃহস্পতিবার শহরের ২০ ও ১ নম্বর ওয়ার্ডে স্বাস্থ্যকেন্দ্রের উদ্বোধন করেন চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ। স্থানীয় কাউন্সিলাররাও সেখানে উপস্থিত ছিলেন। জানা গিয়েছে, প্রাথমিক চিকিৎসার পাশাপাশি রক্তচাপ, সুগার সহ নানা পরীক্ষা-নিরীক্ষাও সেখান থেকে করা হবে। একজন করে চিকিৎসক, স্টাফ নার্স এবং এএনএম কর্মী সহ মোট পাঁচজন কর্মী থাকছে এক একটি স্বাস্থ্যকেন্দ্রে। এদিন উদ্বোধন শেষে রবীন্দ্রনাথ ঘোষ নিজেও স্বাস্থ্য পরীক্ষা করান। তিনি জানান, অল্প অসুস্থ হলেও বাসিন্দাদের লাইন দিয়ে হাসপাতালে গিয়ে ডাক্তার দেখাতে হতো। এখন বাড়ির সামনেই স্বাস্থ্যকেন্দ্র থাকায় বাসিন্দাদের সুবিধা হবে। রবিবাবু আরও জানান, খুব শীঘ্রই শহরের ৬ নম্বর ওয়ার্ডে আরও একটি স্বাস্থ্যকেন্দ্রের উদ্বোধন করা হবে।

## বকেয়া মেটানোর নির্দেশ

# পৌরসভার ট্যাক্স বকেয়া রেখেই চলছে ব্যবসা



**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** বছরের পর বছর ধরে ট্রেড লাইসেন্স রেনুয়াল না করেই রমরমিয়ে চলছে ব্যবসা। বছরের পর বছর ধরে ক্ষতিগ্রস্ত হচ্ছে কোচবিহার পৌরসভার দাবি পৌরসভা কর্তৃপক্ষের। কোচবিহার পৌরসভার চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ কোচবিহার মিনি বাসস্ট্যান্ড এবং মিনি বাসস্ট্যান্ড সংলগ্ন এলাকা পরিদর্শনের পর এমনই ছবি উঠে এলো পৌরপতির সামনে। কোচবিহার পৌরসভার চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ মিনি বাসস্ট্যান্ডের বিভিন্ন দোকান পরিদর্শনে যান। সেখানে তাদের কাছে চাওয়া হয় ট্রেড লাইসেন্স এবং ট্যাক্সের কাগজ। দেখা যায় তিন, চার বছর ধরে ট্রেড লাইসেন্স রেনুয়াল না করেই চলছে ব্যবসা। অনেকের বাকি রয়েছে ট্যাক্স। আবার একটি ট্রেড লাইসেন্স দিয়ে চলছে অনেক ব্যবসা। কোচবিহার পৌরসভার পক্ষ থেকে ব্যবসায়ীদের সমস্ত বকেয়া মেটানোর নির্দেশ দেওয়া হয়। কোচবিহার পৌরসভার চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ বলেন, ভবানীগঞ্জ বাজার থেকে শুরু করে সর্বত্র দেখা যাচ্ছে পৌরসভার ট্যাক্স বকেয়া রয়েছে। বছরের পর বছর ধরে রেনুয়াল করা হয়নি ট্রেড লাইসেন্স। একটি ট্রেড লাইসেন্স দিয়ে একাধিক দোকান চালানো হচ্ছে। প্রত্যেককে দ্রুত বকেয়া মেটানোর নির্দেশ দেওয়া হয় পৌরসভার পক্ষ থেকে।

# মুখ্যমন্ত্রীকে কটাক্ষ সুকান্তর



**নিজস্ব সংবাদদাতা, জলপাইগুড়ি:** মমতা বন্দ্যোপাধ্যায় যেভাবে ভারত বিরোধী শক্তির সাথে সাহায্য করছে, আগামীদিনে পশ্চিমবঙ্গে আরডিএক্স বা অন্যান্য রাসায়নিক যেগুলি বড়ো বিস্ফোরক তৈরিতে কাজে লাগে এটাও যদি পাওয়া যায় আমি অন্ততপক্ষে অবাক হবো না। ধূপগুড়িতে নির্বাচনী প্রচারে যোগ দেওয়ার আগে জলপাইগুড়ি রোড স্টেশনে নেমে সাংবাদিকদের মুখোমুখি হয়ে মুখ্যমন্ত্রীকে কটাক্ষ করলেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। তিনি বলেন, যেভাবে গোটা রাজ্য জুড়ে অরাজকতার পরিস্থিতি মমতা বন্দ্যোপাধ্যায় তৈরি করার চেষ্টা করছেন। আগামীদিনে পশ্চিমবঙ্গের ভবিষ্যৎ অন্ধকার দেখা যাচ্ছে। এই মুখ্যমন্ত্রী থাকলে আবার বাঙালীদের উদ্বাস্তু হতে হবে। এরপর তিনি নির্বাচনী প্রচারে যোগ দিতে ধূপগুড়ির উদ্দেশ্যে রওনা দেন।

# দুর্ঘটনার কবলে এনবিএসটিসির বাস



**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** শনিবার সকালে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগমের কোচবিহার -সিতাই ভায়া দিনহাটাগামী যাত্রীবাহী বাস দেওয়ানহাট গারোপাড়ার কাছে দুর্ঘটনার কবলে পড়ে। ড্রাইভার সহ একজন যাত্রী আহত হয়ে কোচবিহার এমজেএন মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ভর্তি করা হয়। বাকি যাত্রীরা সুরক্ষিত কোনো ক্ষতি হয়নি বলে জানা গিয়েছে। পথচারী একজন মানুষকে বাঁচাতে গিয়ে ড্রাইভার সজোরে ব্রেক কষায় এই বিপত্তি বলে ধারণা।

# সেপটিক ট্যাংকে আটকে মৃত্যু হল দুই ভাইয়ের

**নিজস্ব সংবাদদাতা, দিনহাটা:** বড়নাচিনায় সেপটিক ট্যাংকে আটকে পড়া ছোট ভাইকে বাঁচাতে গিয়ে মৃত্যু হল বড় ভাইয়ের। সোমবার সকাল এগারোটা নাগাদ ঘটে এই মর্মান্তিক দুর্ঘটনা। সেপটিক ট্যাংকে পড়ে মৃত্যু হয় দুই ভাইয়ের। দিনহাটা বড়নাচিনা কুটিপাড়া এলাকায় দুই ভাইয়ের মৃত্যুতে কার্যত চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। ঘটনার বিবরণে জানা গেছে সাদিকুল হক নামের এক ব্যক্তি নিজের বাড়িতে সেপটিক ট্যাংকে কাজ করতে গিয়ে সেখানে সেপটিক ট্যাংকের গ্যাসের কবলে পড়ে সাহায্যের জন্য চিৎকার করলে নিজের বড় ভাই (দাদা) নবীর হক বাঁচানোর জন্য ছুটে আসে। তারপরেই সেই গ্যাসের কবলে পড়ে যায় বড় দাদা নবীর হকও। দুজনেই ঘটনাস্থলে প্রাণ হারান। পরবর্তীতে দমকলের কর্মীরা সেখানে গিয়ে দুই ভাইকে সেখান থেকে উদ্ধার করে দিনহাটা মহকুমা হাসপাতালে নিয়ে আসে এবং হাসপাতালের কর্তব্যরত চিকিৎসকেরা দুজনকে মৃত বলে ঘোষণা করে।

# ঐতিহাসিক ২৮ শে আগস্ট পালন গ্রেটার কোচবিহার পিপলস অ্যাসোসিয়েশনের



**নিজস্ব সংবাদদাতা, দিনহাটা:** চৌধুরীহাট, গিতালদহ, সিতাই সহ বিভিন্ন এলাকায় ঐতিহাসিক ২৮ শে আগস্ট তথা ভারতভুক্তি চুক্তি দিবস সাড়ম্বরে পালন করল গ্রেটার কোচবিহার পিপলস অ্যাসোসিয়েশনের বংশীবদন বর্মন ও অনন্ত মহারাজ গোষ্ঠীর কর্মীরা। এদিন সংগঠনের কর্মকর্তারা বলেন ১৯৪৯ সালের ২৮ শে আগস্ট ভারতের তৎকালীন গভর্নর জেনারেলের সঙ্গে কোচবিহার মহারাজা জগদ্দীপেন্দ্র নারায়ণ ভূপ বাহাদুরের একটি চুক্তি স্বাক্ষরিত হয়। সেই চুক্তি ভারতভুক্তি চুক্তি নামে পরিচিত। সেই চুক্তি মোতাবেক ১৯৪৯ সালের ১২ ই সেপ্টেম্বর কোচবিহার ভারতের অন্তর্ভুক্ত হয়। পরবর্তীতে ১৯৫০ সালের পহেলা জানুয়ারি পশ্চিমবঙ্গ রাজ্যের ভৌগোলিক সীমানার মধ্যে কোচবিহার একটি জেলা হিসেবে অন্তর্ভুক্ত হয়। সেই অনুসারে এবার কোচবিহার ভারত ভুক্তি ৭৪ বছর পূরণ করে ৭৫ তম বছরে পা দিল। সেই কারণে কোচবিহারের মানুষের কাছে এই ২৮ শে আগস্ট ঐতিহাসিক দিন। এদিন প্রান্তিক বাজারে গ্রেটার কোচবিহার পিপলস অ্যাসোসিয়েশনের মুখ্য কার্যালয়ের সামনে ঐতিহাসিক ভারতভুক্তি চুক্তি দিবস পালন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বংশীবদন বর্মন।

# সম্পাদকীয়

## সফলতার চাঁদ

মহাকাশ বিজ্ঞানে দারুণ সফল ভারত। বিশ্বের চতুর্থ দেশ হিসেবে চাঁদের দক্ষিণ মেরুতে অবতরণ করল ভারতের চন্দ্রযান। সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে এই চন্দ্র অভিযানে চমকে গেছে বিশ্ব। চাঁদ থেকে দারুণভাবে তথ্য পাঠাচ্ছে চন্দ্রযান। ভারত বিজ্ঞান ক্ষেত্রে আজ অন্যতম বড় শক্তি। মঙ্গল, শুক্র, সূর্য অভিযানে নেমেছে ভারত। যা আমাদের গর্বিত করে। সম্প্রতি সফলভাবে উৎক্ষেপণ হল সূর্য অভিযানের আদিত্য এল-১ মহাকাশযানের। মহাকাশ বিজ্ঞানের হাত দিয়ে ভারতের বিজ্ঞানচর্চা পাক নতুন দিশা।

## কবিতা

### নির্বাচন

.... মৌমিতা মোদক

চারদিকে খবর শুধু ভোটের -ভোট ভোট ভোট,
জেতার ক্ষিদেয় দল বাধঁছে একজোট।
খেলা চলছে, চলছে ক্যামেরাও,
পরছে ছাপ্পা ভোট,
হচ্ছে ব্যালট বক্সদের জলে ডুবে আত্মহত্যা,
পুরছে শালীনতা, লুট হচ্ছে স্বাধীনতা।
লাঠিসোটা ইট বন্দুক তাজা বোমার আঘাতে
মরছে ভোটার মাঠে ঘাটে,
হিমশিম খাচ্ছে সুরক্ষাবাহিনী,
খেলনা বন্দুক আর কাঁদানে গ্যাস নিয়ে আর কতদিন
লোক হাসাবে, কি জানি!!
সাধারণ মানুষ, পুলিশ, দলের কর্মী, দলীয় নেতা,
রিপোর্টার সবাই আক্রান্ত,
'ভোট' নামক মারণভাইরাসের বেলাগাম ছোবলে,
এই সব রাজনীতির খেলা এইভাবেই নাকি খেলে!
ওদিকে এসি ঘরে, হুইল চেয়ারে নেত্রী আর
এদিকে খেলা দেখছে নির্বাচন কমিশন
কিছু বললেই আবার চালাবেন অনশন।
আদালত যা বলছে বলুক, ক্যা পরোয়া?
কাজ হাসিল করে ওরা টুক করে যায় সরিয়া।
মানুষগুলো যায় কোথায়?
আসছে বছর আবার এইভাবে হবে, ভোট,
শান্তিতে না হলে সে ভোট বন্ধ হোক।

টিম পূর্বোত্তর

সম্পাদকীয় উপদেষ্টা ঃ দেবাশিস ভৌমিক
সম্পাদক ঃ সন্দীপন পন্ডিত
সহ-সম্পাদক ঃ পার্থ নিয়োগী, দেবাশীষ চক্রবর্তী, কঙ্কনা বালো মজুমদার, বর্ণালী দে
ডিজাইনার ঃ ভজন সূত্রধর
বিজ্ঞাপন আধিকারিক ঃ রাকেশ রায়
জনসংযোগ আধিকারিক ঃ বিমান সরকার

গল্প

## স্বাধীনতার ৭৫ বছর

..... সোমালী বোস

### শেষ পর্ব

নজরুল বলেছেন; কে "মহা-বিদ্রোহী রণক্লান্ত আমি সেইদিন হব শান্ত যারা উৎপীড়িতের কন্দন রোল আকাশে-বাতাসে ধ্বনিবেনা, অত্যাচারীর খড়্গ কৃপাণ ভীম রণভূমে রণিবেনা'' ভারত বহু জাতি, ধর্ম ও বর্ণের মিলনতীর্থ। বৈচিত্র্যের মধ্যে ঐক্য সভ্যতার মূলমন্ত্র। কবি বলেছেন "নানা ভাষা, নানা মত, নানা পরিধান, বিবিধের মাঝে দেখো মিলন মহান''। কিন্তু উগ্র জাতীয়তাবাদ, ধর্মান্ধতা, উগ্র ভাষাপ্রীতি শুধু বিচ্ছিন্নতাবোধকে জাগিয়ে তোলেনি বরং দেশ ও জাতির ঐক্যের পরিপন্থী হয়ে উঠেছে, যা দেশকে করেছে কলঙ্কিত।

ভারত হল বহুরত্না বসুন্ধরা। আজ ভারতের প্রতিটি প্রান্তে, প্রতিটি সময় খন্ডে অসংখ্য মানুষ, যাঁদের নাম হয়তো বা ইতিহাসের পাতায় খুঁজে পাওয়া যাবে না, সেই তাঁরাই এই দেশ গড়েছেন, একে এগিয়ে নিয়ে গেছেন। তবে অখন্ড ভারতের স্বাধীনতাপ্রাপ্তির স্বপ্ন স্বার্থক হয়নি। ভারত জননী, পরাধীন- তার নাগপাশ থেকে মুক্তি পেয়েছে দু-বাহু কর্তিত আকারে। একথা অনস্বীকার্য, দেশ বিভাগের ক্ষত পচাত্তর বছরেও রক্তক্ষরা, কবে নিরাময় হবে তা আগামী কালই জানে। ভারত স্বাধীন হয়ে আত্মনির্ভরশীল হয়ে ওঠার স্বপ্ন ও আশা-আকাঙ্খা ছিল জনগণের।

তবে এ কথা সত্য যে আধুনিক বিশ্বে প্রগতির ভিত আধুনিক পরিকাঠামোর উপর নির্ভরশীল যা দেশের গঠনমূলক কাজের মাধ্যমেই দেশবাসীর কাছে স্বাধীনতার স্বাদ পৌঁছে দেবে। একবিংশ শতাব্দীতে ভারতের স্বপ্নগুলি এবং আকাঙ্ক্ষাগুলিকে বাস্তবায়িত করার ক্ষেত্রে কোনও বাধা এখন আমাদের থামাতে পারবে না। আমাদের শক্তিই আমাদের প্রাণ চাঞ্চল্য, আমাদের শক্তিই আমাদের ঐক্যবদ্ধতা, আমাদের প্রাণশক্তি রাষ্ট্র সর্বাগ্রে, সর্বদাই সর্বাগ্রের ভাবনা। এই সময় হল মিলিতভাবে স্বপ্ন দেখার। মিলিতভাবে বিজয়ের পথে এগিয়ে চলার।

স্বাধীনতার পরবর্তী ৭৫ বছরে, রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক ক্ষেত্রে অনেক ঘটনাই ঘটেছে। স্বাধীনতা প্রাপ্তির মুহূর্তে জহরলাল নেহেরুর প্রধানমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ থেকে শুরু করে ১৯৫০-এ নতুন সংবিধান গ্রহণ, ১৯৫১ তে প্রথম "পঞ্চবার্ষিকী পরিকল্পনা গ্রহণ, ১৯৫২ তে প্রথম সাধারণ নির্বাচন, ১৯৫২ তে প্রথম প্রতিবেশী রাষ্ট্র চীন ও পাকিস্তানের সঙ্গে ১৯৬২ ও ১৯৬৫ তে যুদ্ধ, ১৯৬৯ তে ব্যাংক জাতীয়করণ, ১৯৭১ তে বাংলাদেশের মুক্তিযুদ্ধ, ১৯৭৫ তে জাতীয় জরুরী অবস্থা ঘোষণা, ১৯৮৪ তে খালিস্থানী দমনে পাঞ্জাবে অপারেশন ব্লু স্টার' সংগঠিত করা, ১৯৯৮ তে কার্গিল যুদ্ধ, ২০১৬ নোটবন্দি, কাশ্মীরে ৩৭০ এর বিলোপ- সাধন এছাড়াও উপগ্রহ উৎক্ষেপ, মঙ্গলযান, চন্দ্রযান প্রেরণ প্রভৃতি ঐতিহাসিক ঘটনার সম্মুখীন হয়েছে ভারতবাসী। বিগত পঁচাত্তর বছরে পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাধ্যমে কৃষি, শিল্প ও আনুষঙ্গিক বিষয়গুলির অভূতপূর্ব অগ্রগতি ও উন্নয়ন ঘটেছে, অপূর্ণ সংগতিও উপমন সটহৈ, খাদ্যে দেশে কেল স্বনির্ভরই নয়, উদ্বৃত্ত বলেও চিহ্নিত হয়েছে। কৃষি, শিল্প, যোগাযোগ, পরিবহণ, খনিজ সম্পদ আহরনে অগ্রগতিও উন্নতি অবশ্যই লক্ষণীয়। যা জাতীয় আয়ের সামগ্রিক বৃদ্ধির প্রশংসার দাবিদার। তবে কৃষিজীবী ও শ্রমজীবী মানুষের একাংশ আজও দারিদ্রসীমার নিচে অনাহারে, অর্ধাহারে কিংবা চিকিৎসার অভাবে কিছু সংখ্যক মানুষের" দিন কাটে। কোটি কোটি শিক্ষিত মানুষের বেকারত্বের যন্ত্রণা, হার হতাশা ও ব্যর্থতার গ্লানি দিনে দিনে করেছে বিপন্ন - যা অস্বীকার করার উপায় নেই।

স্বাধীনতা দিবস উদ্যাপনের আমাদের প্রধান লক্ষ্য হল আমাদের তরুণ প্রজন্মকে আমাদের মহান মুক্তিযোদ্ধাদের গর্ব ও সাহসিকতার পাশাপাশি ঔপনিবেশিক শাসন সম্পর্কে শিক্ষিত করা। এটি সেইদিন যখন আমরা আমাদের সাংস্কৃতিক পার্থক্যগুলিকে দূরে রেখে সত্যিকারের ভারতীয় হিসাবে একত্রিত হই। সর্বসচেতনতার প্রয়োজনীয়তা এই সত্য থেকে উদ্ভূত হয় দেশের ভবিষ্যত তরুণদের উপর নির্ভর করে এবং তাদের দেশকে প্রভাবিত করার ক্ষমতা। ফলে দেশের সেবা করা এবং সমাজের উন্নতির জন্য" সর্বাত্মক প্রচেষ্টা করা আমাদের দায়িত্ব। স্বাধীনতা দিবস সারা দেশে দেশপ্রেম ও জাতীয়তাবাদের প্রবল বোধ দ্বারা চিহ্নিত। দিনটি দেশের বৈচিত্র্যের প্রতি আমাদের গর্ব ও সংহতিও প্রতিফলিত করে। ভারত, একটি সংস্কৃতি এবং ঐতিহ্য সহ একটি বৈচিত্র্যময় সমাজে একত্রে বসবাসকারী সমস্ত ধর্মের মানুষের দেশ, এই তাৎপর্যপূর্ণ উপলক্ষটি অত্যন্ত আনন্দের সাথে উদযাপন করে। আমরা উচ্ছ্বসিত এবং এটি আমাদেরকে দেশের মর্যাদা ও সার্বভৌমত্বের উপর যেকোনো আক্রমণের বিরুদ্ধে আমাদের মাতৃভূমিকে রক্ষা করতে অনুপ্রাণিত করে ।

কবির ভাষায় বলা যায়:

**"বলবে বন্য হিংস্র বীর / দুঃশাসনের চাই রুধি চাই রুধির রক্ত চাই,/ সোনো দিকে দিকে এই কথাই দুঃশাসনের রক্ত চাই/ দুঃশাসনের রক্ত চাই।"**

গল্প

## লটারি

..... মৌমিতা মোদক

সৃজনি আর রোশনী ছোট থেকে পড়াশোনায় দুর্দান্ত, দুজনে সবসময় পাল্লা দিয়ে প্রথম আর দ্বিতীয় হয়। ৫/৬ মিনিটের ছোট বড় হবে ওরা। হ্যাঁ, ঠিক ধরেছেন, ওরা যমজবোন। দু'বোনই রুপে-গুণে-বিদ্যায় এবং বুদ্ধিতে কামাল হ্যা। ইসলামপুর জেলার একটা ছোট্ট গ্রাম শ্রীকৃষ্ণপুর। এখানেই রিতা তার স্বামী ও যমজ দুই মেয়েকে নিয়ে বসবাস করে। রিতার স্বামী অবনীলাল বাড়িতেই থাকেন, বাড়িতেই পৈতৃক ভিটেতে নিজেই সবজি চাষ করেন, ২টা ছেলে হেল্পার হিসেবে আছে আর রিতার লটারির দোকান, ভালোই বড় দোকান এবং ওই গ্রামের একমাত্র লটারির দোকান। চলেও খুব ভালো। রোজ সকালে বাড়ির কাজকর্ম সেরে মেয়েদের তৈরি করে স্কুলে পাঠিয়ে, রিতা দোকানে আসে, এসে গণেশ পুজো করে, ধূপকাঠি ধরিয়ে দিন শুরু। তারপর আস্তে আস্তে কাস্টমার আসা শুরু হয়। কেউ একটা লটারি টিকিট কেনে, কেউ বা গোটা লটটা ধরেই নিয়ে যায়। লটারি রিতার পরিবারের জন্য আশীর্বাদ হয়ে এসেছে। এখন আর আগের মত জল মুড়ি খেয়ে থাকতে হয় না, কতদিন না খেয়েও থাকতে হয়েছে, এখন আর সেরকম হয় না, স্কুলের মাহিনা দিতে পারত না, পূজার সময় একটাই নতুন জামা হত, সারা বছর আর কিছু কেনা হত না। সেই দুর্দশার দিন আজ আর নেই।

সব কিছু এত সহজে হয়নি, নিজের দুটো হাত পর্যন্ত বিসর্জন দিতে হয়েছে লটারির দোকান বাঁচানোর জন্যে। আজ স্বরোজগার করে আরো বড় করেছে লটারির দোকান, সেই সাথে স্বামীর চাষবাসটা দেখে। চাষের ফসল নানা ধরনের সবজি ও ফল বিক্রি করে আসে ইসলামপুরে গিয়ে, আর কিছু পাঠায় শিলিগুড়ি। এই করে করে স্কুটি কিনে ফেলেছে, দোতলা ওঠাচ্ছে, সংসারে খরচা দিচ্ছে, আর কি চাই। বৃহস্পতিবার করে করে খুব লটারি বিক্রি হয়। বৃহস্পতিবারকে লক্ষীবার বলা হয়। গ্রামের লোকেরা মনে করে, লক্ষীবারে লটারি কাটলে টাকার বর্ষা হবে। তাই প্রত্যেক বৃহস্পতি মানে রিতার লটারির দোকান একদম দুর্গাপূজার ভিড় লেগে যায়।

কিন্তু সুখ সয় না পিঠে। ওর পিছনে পাড়ার একদল লোকেরা উঠে পরে লেগেছে, লটারির দোকান বন্ধ করবে বলে.. ওরা হিংসায় জ্বলে পুড়ে মরে যায়। কারণ ওরা বেকার বসে আর একটা মেয়ে মানুষ কিনা ড্যাং ড্যাং করে দোকান চালাচ্ছে!! 'খোকন সেনা' নামের গুণ্ডাবাহিনী প্রায় এসে ঝামেলা করে, আজ আবার বৃহস্পতিবার, এত ভিড়, যে দোকানে তো আর পা রাখার জায়গা নেই। ওই খোকন সেনা এই সময় সেনাদের নিয়ে সপ্তাহ তুলতে আসে, রিতাও কম নয়, বিপদকে কিভাবে গলিয়ে দিতে হয়, তা ওর জানা আছে, গ্রামের মেয়ে কিনা, জুতো সেলাই থেকে চন্ডীপাঠ সব পারে, আর এরা তো কটা বাচ্চা ছেলে মাত্র। দোকানে এসে এরা যেই ক্যাচাল শুরু করে, রিতা থানায় ফোন করে, কিন্তু কেউ ফোন রিসিভ করল না। থানাতেও খোকন সেনার রাজ, কাজেই রিতাকে নিজের ঢাল নিজেই হতে হল। সে তারাতারি করে একমাত্র কর্মচারী লালিকে দিয়ে ধূপতি ধরিয়ে তাতে লন্কার গুরো ছিটিয়ে দিতে বলে। নিজে কথা বলে বলে খোকন সেনাকে ব্যস্ত রাখে যাতে লালি লুকিয়ে কাজটা করতে পারে। কথা কাটাকাটি হতে হতে ঝাল ধোঁয়ায় চোখ নাক জ্বলতে শুরু করতেই খোকন সেনা দে দৌড়, তারা পালিয়ে কুল পায় না। কাস্টমাররা তো ঝামেলা দেখে কেটে পরেছে আগেই। লোকাল থানায় একটা জিডি করে রাখে রিতা আজকের ঘটনা। বিকাল ৪.৩০ বাজার আগেই রিতা পৌছে যায় বাড়ি রোজকার মত। তারপর পুরো সময় মেয়েদের দেয়। রিতার ছোট মেয়ে রোশনী ক্যারাটে ভালো খেলে, অল ইন্ডিয়া ট্যালেন্টের মত শো জিতে এসেছে, সেই মেয়েকে আটকায় কে? সামনের আসছে মাসে রোশনীর বিশ্ব চ্যাম্পিয়নশিপ প্রতিযোগিতা রয়েছে, তার জন্য রিতার চেষ্টার শেষ নেই। দু'বেলা করে ক্যারাটে টিউশনে নিয়ে যাওয়া-আসা, বাড়ির কাজ রান্না বান্না, দুই মেয়ের পিছনে পরিশ্রম কম করে না রিতা। সেই মাহেন্দ্রক্ষণ চলে এল, ছোট মেয়েকে নিয়ে রিতার স্বামী বেরোলেন কলকাতায়, ফেরতও এলেন হাতে ট্রফি আর সোনার মেডেল নিয়ে। পাড়ার লোকের আনন্দ আর কে দ্যাখে! কে আবার? গোটা দুনিয়া দেখেছে, আজ ও দেখবে। ইসলামপুর 24 x 7 নিউজ চ্যানেল বাড়িতে এসেছে লাইভ খবর করবে বলে। রীতিমত ভিড় রিতার বাড়িতে। কিন্তু কেন জানি অবনীর মুখে কোনো কথা নেই, হাসি নেই। আর রোশনী বাড়ি এসেই শুয়ে পড়ল বিছানায়। রিতা কিছু একটা আঁচ করতে পেরে সবাইকে পরে আসার অনুরোধ করলেন, কোনোভাবে নিউজ চ্যানেলটিকে ইন্টারভিউটি দিল বাবা মেয়ে।

রিপোর্টার চলে যাবার পর রিতা অনেক জিগ্গেস করেও কিছু উত্তর কারোর থেকে না পেয়ে রোশনীকে নিয়ে বসল, রাত তখন প্রায় ৯ টা। সবার রাতের খাবার কমপ্লিট। সৃজনি ওর বাবার সাথে ঘুমাতে গেল আজ আর রোশনী মায়ের সাথেই থাকবে। রোশনীর মাথায় হাত বুলিয়ে দিতেই রোশনী ফুপিয়ে কান্না শুরু করল, এভাবেই রাত ১২ টা বেজে গেল। হঠাৎ অবনীলাল আর বড় মেয়ে সৃজনি এসে হাজির আর দুজনেই থমথমে মুখ। অবনীলাল বললেন, কিছু বলার আছে, আর এখনি বলতে হবে, নাহলে অনেক দেরি হয়ে যাবে। রিতা - 'তো বলে ফেল না তারাতারি, তোমরা আসার পর থেকে এরকম থমথমে মুখ, আমার কিন্তু ভালো লাগছে না'। অবনীলাল- চল পাশের ঘরে পালিয়ে যাই। রিতা কথা না বাড়িয়ে গেল, মেয়েরাও গেল। তারপর অন্ধকারেই অবনী বলে উঠলেন - **happy birthday to you my dear wife.** ঠিক তারপরেই ২ মেয়ে একসাথে চেঁচিয়ে বলে উঠল 'happy birthday to you মা'। চিন্তার মেঘ কাটলো অবশেষে, কি কি ভেবে নিয়েছিলেন রিতা। বাবা মেয়ে প্লান করে এসব করেছে, ওদের প্লান ছিল মাকে ভয় দেখানো, তাই দুই বোনে ফোনে ফোনে সব প্লান করে নেয় আর অবনীলালকেও টিমে নিয়ে নেয়। অবনী ও বাচ্চাদের প্লানে কখনো বাধ সাধেননি, মেয়েদের সাথে উনিও বাচ্চা হয়ে যান মাঝে মাঝে। ঠিক ওইদিন শেষরাতে রিতার দোকানে কেউ আগুন লাগিয়ে দেয়। সে ভয়ংকর আগুন।

# সোম দম্পতির বই প্রকাশ



**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** সম্প্রতি কোচবিহার ফ্লিম সোসাইটি প্রেক্ষাগৃহে প্রকাশিত হল আলপনা সোম রচিত প্রবন্ধের বই 'আমার কথামাটিতে নজরুল প্রতিমা' এবং সঞ্জয় সোমের কবিতা সংকলন 'কবিতা সমগ্র-১'। উপস্থিত অতিথিদের প্রদীপ প্রজ্জ্বলনের মধ্যে দিয়ে এদিনের অনুষ্ঠানের সূচনা হয়। সুন্দর এক উদ্বোধনী সঙ্গীত পরিবেশন করেন শ্রেষ্ঠা দাস। ভূপালি রায়, অশোক ঠাকুর, নিখিল ভৌমিকের হাত দিয়ে মোড়ক উন্মোচিত হয় আলপনা সোম এবং সঞ্জয় সোমের সদ্য বইয়ের। নিজেদের লেখালেখি নিয়ে দর্শকদের সামনে পর্যায়ক্রমে নিজেদের বক্তব্য তুলে ধরেন আলপনা সোম এবং সঞ্জয় সোম। শ্রুতিমধুর নজরুল সঙ্গীতে আসর মাত করেন সঙ্গীতশিল্পী নুরজাহান। এরপরে ছিল সুন্দর এক কবিতা পাঠের আসর।

# অবসরপ্রাপ্ত শিক্ষক-শিক্ষিকাদের সংবর্ধনা

**নিজস্ব সংবাদদাতা, দিনহাটা:** দিনহাটা উচ্চবিদ্যালয় অবসরপ্রাপ্ত শিক্ষক-শিক্ষিকাদের সংবর্ধনা জ্ঞাপন অনুষ্ঠান অনুষ্ঠিত হল। মঙ্গলবার দুপুর দুটো নাগাদ সংশ্লিষ্ট উচ্চবিদ্যালয়ে জাতীয় শিক্ষক দিবসে একটি অনুষ্ঠানের মধ্য দিয়ে পশ্চিমবঙ্গ তৃণমূল মাধ্যমিক শিক্ষক সমিতির দিনহাটা শাখার উদ্যোগে শহর সহ গ্রামীণ বিভিন্ন উচ্চবিদ্যালয়ের অবসরপ্রাপ্ত শিক্ষক-শিক্ষিকাদের সংবর্ধনা প্রদান করা হলো। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দিনহাটা পৌরসভার পৌরপতি গৌরীশঙ্কর মাহেশ্বরী, দিনহাটা শহর ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি বিশু ধর, শহর ব্লক যুব তৃণমূল সভানেত্রী মৌমিতা ভট্টাচার্য সহ সমাজের একাধিক বিশিষ্টজনেরা।



# দাঁতাল হাতির হানায় জমির ধান নষ্ট

**নিজস্ব সংবাদদাতা, আলিপুরদুয়ার:** বুনো দাঁতাল হাতির হানায় প্রায় আধ বিঘা জমির ধান নষ্ট হল, মাথায় হাত কৃষকের। ঘটনাটি ঘটেছে রবিবার গভীর রাতে মাদারিহাটের মেঘনাদসাহা নগর এলাকায়। গভীর রাতে জলদাপাড়া জাতীয় উদ্যানের জঙ্গল থেকে একটি বুনো হাতি বেরিয়ে লোকালয়ে হানা দেয়। বুনো দাঁতাল হাতিটি মাদারিহাটের বাসিন্দা গৌতম মঙ্গরের আধ বিঘা জমির ধান সাবাড় করে দেয়। ঘটনাস্থলে জলদাপাড়া বনবিভাগের বনকর্মীরা পৌছে হাতিটিকে জঙ্গলে পাঠানোর চেষ্টা করে। পরবর্তীতে দাঁতাল হাতিটি জঙ্গলে চলে যায়। ক্ষতিগ্রস্ত কৃষক গৌতম মঙ্গর জানান, যেভাবে প্রতিনিয়ত হাতি গ্রামে প্রবেশ করে হানা দিচ্ছে এখন চাষবাস করা মুশকিল হয়ে গিয়েছে।

# চৌধুরীহাট খাটামারী বাজারে ছয় দোকানে চুরি

**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** চৌধুরীহাট গ্রাম পঞ্চায়েতের খাটামারী বাজারে ছয়টি দোকানে চুরির ঘটনায় চাঞ্চল্য। ঘটনার বিবরণে জানা গিয়েছে রবিবার গভীর রাতে সংশ্লিষ্ট বাজারে থাকা ছয়টি ভিন্ন দোকানে চুরি করে পালিয়ে যায় দুষ্কৃতিরা। বাজারে থাকা ব্যবসায়ী চন্দন কর্মকারের জুয়েলারী দোকান, জিয়ারুল হক ও ফয়েজউদ্দিন মিয়ার দুটি গালামাল দোকান, নির্মল শীলের সেলুন দোকান, মজিদ মিয়ার কাপড়ের দোকান, রুমেত ইসলামের কম্পিউটার দোকানে চুরি করে দুষ্কৃতিরা। সমস্ত দোকানে বেশকিছু মালপত্র এবং নগদ আনুমানিক পনেরো হাজার টাকা নিয়ে চম্পট দেয় দুষ্কৃতিরা। তবে সর্বাপেক্ষা জুয়েলারী দোকান থেকে সোনা ও রূপার অলংকার চুরি যায়, যার আনুমানিক বাজার মূল্য এক লক্ষাধিক টাকা জানা গিয়েছে। সোমবার সকাল আটটা নাগাদ সকল ব্যবসায়ীরা নিজেদের দোকান খুলতে এসে দেখতে পান কোনো দোকানের দেওয়াল ভাঙ্গা অবস্থায় আছে আবার কোনো দোকানের টিনের চাল কাটা, আবার কোনো দোকানে টিনের বেড়া কাটা অবস্থায় আছে। এরপর তারা সকলেই বুঝতে পারেন তাদের দোকানগুলি চুরি গিয়েছে। এরপর খবর দেওয়া হয় নয়ারহাট থানায়। খবর পেয়ে ঘটনাস্থলে এসে পৌঁছায় নয়ারহাট থানার পুলিশ। এই ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে সংশ্লিষ্ট এলাকায়।

# "কোচবিহার রথের মেলা মধুপুরধাম" বই প্রকাশিত হলো




**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** "কোচবিহার রথের মেলা মধুপুরধাম" এই নামে বই প্রকাশিত হলো কোচবিহারে। কোচবিহার সাবডিভিশনাল প্রেস ক্লাবে লেখক মাধবী দাস এই বইটির প্রকাশ করেন। কোচবিহার রথের মেলা ও ইতিহাস নিয়ে এই বইটি লেখা হয়েছে। বইয়ে আছে অনেক অজানা তথ্য। কোচবিহার মদনমোহন মন্দির বা রাজপ্রাসাদের সামনে কিংবা মধুপুরধামের সামনে পাওয়া যাবে এই বইটি।

# কালিয়াচকে ফের ভাঙন কংগ্রেসে

**নিজস্ব সংবাদদাতা, মালদা:** কালিয়াচকে ফের ভাঙন কংগ্রেসে, এবার তৃণমূলে যোগ দিলেন ২ পঞ্চায়েত সদস্য সহ ২০০ জন। পঞ্চায়েত বোর্ড গঠনের পর কংগ্রেসে ভাঙন কার্যত শুরু হয়ে গেল। প্রায় ২০০ জন কংগ্রেস কর্মী সমর্থক যোগদান করলেন তৃণমূল কংগ্রেসে। রবিবার সন্ধ্যায় কালিয়াচক তৃণমূল কংগ্রেস অফিসে অনুষ্ঠিত হয় এই যোগদান শিবির। উপস্থিত ছিলেন মালদা জেলা পরিষদের সদস্য আবদুর রহমান, ব্লক সভাপতি সামিজউদ্দিন আহমেদ, গয়েশবাড়ি অঞ্চলের তৃণমূল নেতা তথা প্রধানের স্বামী এস মোহাম্মদ খান, শ্রমিক সংগঠনের ব্লক সভাপতি হায়দার আলী মোমিন সহ অন্যান্যরা। জানা যায়, এদিন কালিয়াচক-১ নম্বর ব্লকের গয়েশবাড়ি অঞ্চলের বাখরপুর গ্রামের নব নির্বাচিত ২ জন কংগ্রেসের গ্রাম পঞ্চায়েত সদস্য ইফতেকার হাসান হাবিব ও জিয়েম আলি সহ প্রায় ২০০ জন কংগ্রেস ছেড়ে তৃণমুল কংগ্রেসে যোগদান করেন। তাঁদের হাতে তৃণমূলের পতাকা তুলে দেন জেলা পরিষদের সদস্য আবদুর রহমান। ভোটের আগে কালিয়াচক -১ ব্লক কংগ্রেসে জোয়ার এসেছিল। দীর্ঘদিন ধরে তৃণমূল করার পরেও টিকিট না পেয়ে বিভিন্ন অঞ্চলের বিক্ষুব্ধরা তৃণমূল ছেড়ে কংগ্রেসে যোগ দিতে শুরু করেছিলেন। এবার ফের উল্টো স্রোত বইতে শুরু করেছে কালিয়াচকে।

# ডেঙ্গু আক্রান্ত রোগীর পরিবারের সাথে দেখা করলেন পৌরপতি

**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** কোচবিহার ১৩ নম্বর ওয়ার্ডে ডেঙ্গু আক্রান্ত রোগীর পরিবারের সাথে গিয়ে কথা বললেন কোচবিহার পৌরসভার চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ। জানা গিয়েছে ওয়ার্ডের কাউন্সিলর দীপক সরকার ইতিমধ্যে কোচবিহার পৌরসভার পক্ষ থেকে স্বাস্থ্য দপ্তরের কর্মীরা, আক্রান্তর বাড়িতে গিয়ে বিভিন্ন বিষয়গুলি দেখছেন এবং তাদের পরিবারকে সতর্ক করার পাশাপাশি এলাকাতেও সচেতনতা বৃদ্ধি করছেন। এদিন পৌরসভার চেয়ারম্যান সেই পরিবারের লোকজনের সাথে কথা বলে ডেঙ্গু আক্রান্তর শারীরিক অবস্থার খোঁজখবর নেন। তাছাড়াও চেয়ারম্যান পৌর নাগরিকদের সচেতন হওয়ার বার্তা দেন।

# পূর্ণবয়স্ক চিতাবাঘের দেহ উদ্ধার



**নিজস্ব সংবাদদাতা, জলপাইগুড়ি:** মেটেলি ব্লকের আইবিল চাবাগানের ডাঙ্গি ডিভিশন থেকে ফের একটি পূর্ণবয়স্ক চিতাবাঘের দেহ উদ্ধার করা হলো। মঙ্গলবার সকালে বাগানের বাসিন্দারা আইবিল চাবাগানের ডাঙ্গি ডিভিশনের ৩৫ নম্বর সেকশনে একটি চিতাবাঘের দেহ পড়ে থাকতে দেখেন। খবর চাউর হতেই বহু মানুষের জমায়েত বাড়তে থাকে এলাকায়।খবর দেওয়া হয় বনদপ্তরের খুনিয়া স্কোয়াডে। খুনিয়া স্কোয়াডের বন কর্মীরা এসে চিতাবাঘটির দেহ উদ্ধার করে নিয়ে যায়। উল্লেখ্য এর আগেও এই ডিভিশনে আরো একটি চিতাবাঘের দেহ পাওয়া যায়। এদিনের লেপার্ডের দেহ থেকে রীতিমতো গন্ধ বের হওয়া শুরু করেছিল। দেখে মনে হচ্ছিল দেহটি দু'দিন আগের। খুনিয়া স্কোয়াডের রেঞ্জার সজল কুমার দে বলেন, লেপার্ডের দেহ উদ্ধার করে লাটাগুড়ি প্রকৃতিবীক্ষণ কেন্দ্রে নিয়ে যাওয়া হবে। সেখানেই ময়নাতদন্তের পর মৃত্যুর আসল কারণ জানা যাবে।

# প্রাকৃতিক সম্পদে ঘেরা ডুয়ার্সে আগ্রহ বাড়ছে মৌমাছি পালন ও সুপারি চাষে





**দেবাশীষ চক্রবর্তী, কোচবিহার:** উত্তরবঙ্গ এবং উত্তরপূর্ব ভারতের চা শিল্প ও পর্যটনের প্রাণকেন্দ্র। কিন্তু দক্ষিণ ভারতের থেকে অনেকটা পিছিয়ে। পূর্বের কুমারগ্রাম থেকে পশ্চিমের সেবক পর্যন্ত বিস্তৃত চা বাগান ঘেরা ও বিভিন্ন প্রাকৃতিক সম্পদে ভরপুর এলাকা চোখে পরে বিশাল গাছের মগডালে মৌমাছি বাসা বেঁধে অক্লান্ত পরিশ্রমের মাধ্যমে মধু সঞ্চয় করছে। মৌমাছিদের স্বর্গরাজ্যে ঘটে চলছে নীরব নবসন্ত। বিস্তর পতিত এলাকা ও বনাঞ্চল পার্শ্বস্থ এলাকা জুড়ে চলছে প্রাণিসম্পদের লালনপালন। চা শিল্পের সাথে যুক্ত সাঁওতাল, ওরাও, বরাইক মানুষজন গবাদি পশু লালনপালন অভ্যস্থ। এলাকা জুড়ে রয়েছে দিগন্ত বিস্তৃত সুপারি বাগান। প্রাকৃতিক সম্পদে ভরপুর এই এলাকা থেকে পরিবারের পুরুষ বর্তমানে জীবিকার সন্ধানে ভিনরাজ্যে চলে যাচ্ছে আবার কিছু অংশ পরিবার সমেত ভিনরাজ্যে যাচ্ছেন বলে স্থানীয় বাসিন্দারা জানান। স্থানীয় বাসিন্দারা আরও বলেন, কৃষি এখানে অসুরক্ষিত, প্রায়শই হাতির হানায় নষ্ট হচ্ছে ফসল। বদলে ধীরে ধীরে প্রসার ঘটেছে সুপারি বাগান, লেবু বাগান।

দীর্ঘদিন ধরে এই প্রত্যন্ত এলাকায় কাজ করে আসছে একটি স্বেচ্ছাসেবী সংগঠন বসুন্ধরার সম্পাদক বাসুদেব সূত্রধর জানান, কয়েক বছর যাবৎ আলিপুরদুয়ার জেলার আলিপুরদুয়ার- ২ এবং কুমারগ্রাম ব্লকের এই প্রত্যন্ত এলাকার হাতিপোতা, তুরতুরি, ধাওলাবস্তি, মনাবারি-কাঞ্জালিবস্তি, নূরপুর এবং রামপুর এলাকায় কাজ করে আসছি এই এলাকার সম্ভাবনাময় প্রাকৃতিক সম্পদ সুপারি বাগানের উপর কাজের সুযোগ রয়েছে। আমাদের কর্মসূত্রে এলাকার পর্যবেক্ষণ করতে গিয়ে আপনারা প্রায়শই দেখতে ও জানতে পারি অঞ্চিতা নামে এক গৃহবধূ, যিনি আলিপুরদুয়ার- ২ ব্লকের রামপুর গ্রামের বাসিন্দা সুপারির খোল দিয়ে থালা, বাটি এবং ছোট প্লেট তৈরি করছেন। এখানে মৌমাছি পালন, এরেকা লিফ বা সুপারির খোল দিয়ে কার্টেলারি সেট তৈরীর কাজ ও গোলমরিচ চাষের যথেষ্ট সম্ভাবনা রয়েছে এবং এই প্রত্যন্ত এলাকাগুলির আর্থসামাজিক মান উন্নয়নের ও কাজের খোঁজে ভিনরাজ্যে চলে যাওয়ার প্রবণতা কমতে পারে। এমন এলাকায় বাইরের কেউ না আসলে জানতেই পারবেন না বুঝতেও পারবেন না যে এলাকাগুলো কতটা বিচ্ছিন্ন। সন্ধ্যায় এমনকি দিনেরবেলাতেও হাতির জজু - ভয়, যাতায়াত বিচ্ছিন্ন প্রান্তিক এলাকায় বেঁচে থাকবার সংগ্রাম যেনো এভারেস্ট জয় করবার মত।

# রাস্তায় জল দেওয়ার দাবিতে পথ অবরোধ গ্রামবাসীদের

**নিজস্ব সংবাদদাতা, আলিপুরদুয়ার:** আলিপুরদুয়ার-১ নং ব্লকের মেচবিলে পথ অবরোধে সামিল সাধারণ মানুষ। অভিযোগ রাস্তায় ধুলোর কারণে যাতায়াত করা প্রায় অসম্ভব হয়ে উঠেছে। ধুলোর জন্য অতিষ্ঠ সাধারণ মানুষ। রাস্তার বেহাল দশা আর এর ফলে ধুলো উড়ছে প্রতিনিয়ত, রাস্তায় জল দিচ্ছে না প্রশাসন। বুধবার আলিপুরদুয়ার ফালাকাটা জাতীয় সড়কের মেচবিল মোড়ে জল দেওয়ার দাবিতে রাস্তায় নেমে পথ অবরোধ করলো গ্রামবাসীরা। ব্যাপক যানজটের সৃষ্টি হয়, ভোগান্তিতে পড়তে হয় সাধারণ মানুষদের। খবর পেয়ে পরবর্তীতে সোনাপুর ফাঁড়ির পুলিশ এসে অবরোধ তুলে দেয়। আন্দোলনকারীদের অভিযোগ সঠিকভাবে রাস্তায় জল দেওয়া হয় না, কোনো সময় দিনে একবার জল দিয়েই শেষ। এর ফলে ছাত্র-ছাত্রীদের যাতায়াতের অসুবিধা হয়।

# মেলোডি ও হিপ-হপের যুগ্ম অভিজ্ঞতা - রয়্যাল স্ট্যাগ বুমবক্স

**শিলিগুড়ি:** ভায়াকম১৮-এর সঙ্গে একযোগে রয়্যাল স্ট্যাগ বুমবক্স নিয়ে এল এক নতুন মিউজিক্যাল এক্সপিরিয়েন্স, যেখানে বলিউডের মেলোডি ও হিপ হপ একত্রিত হয়েছে। এর ফলে সঙ্গীতের ক্ষেত্রে এক নতুন মাত্রা যোগ হল, যা সম্ভব করল সিগ্রামস রয়্যাল স্ট্যাগ। 'লিভিং ইট লার্জ' স্পিরিটের উদযাপনের মধ্য দিয়ে মণিপাল, ভুবনেশ্বর, পুণে, ইন্দোর ও দেরাদুনের হাজার হাজার সঙ্গীতপ্রেমীকে মাতিয়ে রয়্যাল স্ট্যাগ বুমবক্স পরবর্তী পর্যায়ে লঞ্চ করছে ৪টি ওরিজিনাল




মিউজিক ভিডিয়ো। এর চতুর্থ মিউজিক ট্র্যাক রিলিজ হচ্ছে নীতি মোহন ও ইপিআর-এর ইউনিক কোলাবোরেশনের মধ্য দিয়ে।

নতুন গান 'ইমতিহান' হল বলিউডের সুরমূর্চ্ছনা ও হিপ-হপের তালের এক অভিনব সংমিশ্রণ। এটি হল রয়্যাল স্ট্যাগ বুমবক্সের ওরিজিনাল চারটি মেলোডি-হিপহপ মিউজিক ট্র্যাকের চতুর্থ রিলিজ।

সিগ্রামস রয়্যাল স্ট্যাগের অন্যতম স্তম্ভ হল মিউজিক, যা এযুগের তরুণদের পছন্দ। রয়্যাল স্ট্যাগ বুমবক্স তাদের কল্পনার সঙ্গে মিলিয়ে মিউজিকের এমন ব্লেন্ড সৃষ্টি করেছে যেখানে বলিউড ও হিপ-হপ মিলেমিশে একাকার হয়ে গেছে। চতুর্থ সঙ্গীত 'ইমতিহান' পাওয়া যাবে ইউটিউব, সোস্যাল ও অন্যান্য অডিয়ো প্ল্যাটফর্মে।

# সম্প্রতি উন্মোচন করা হল গেম-চেঞ্জার নতুন নেক্সন ইভি

**কলকাতা:** টাটা প্যাসেঞ্জার ইলেকট্রিক মোবিলিটি, টাটা মোটরস-এর একটি বিভাগ এবং ভারতের ইভি বিপ্লবের অগ্রদূত একেবারে নতুন নেক্সন ইভি (Nexon.ev) উন্মোচন করেছে। দেশের সর্বাধিক বিক্রিত ইভির এই সাম্প্রতিক সংস্করণ, যা মান স্থাপনের জন্য নতুন ঐতিহ্য গড়ে তুলেছে।

নতুন নেক্সন ইভির শক্তিশালী ডিজিটাল ডিজাইন ল্যাঙ্গুয়েজ, ফিউচারিস্টিক, টেকনোলজি-ইন্সপায়ার্ড ড্রাইভ অভিজ্ঞতা এবং বিভিন্ন বৈশিষ্ট্যের প্রবর্তনের সাথে একটি সত্যিকারের গেম চেঞ্জার। নেক্সন ইভি তিনটি আলাদা ব্যক্তিত্বে পাওয়া যাবে: এম্পাওয়ার্ড, ফিয়ারলেস এবং ক্রিয়েটিভ, যা ব্র্যান্ড নীতির উপর নির্ভর করে নির্মিত হয়েছে। নেক্সন ইভি অনুমোদিত ডিলারশিপের মাধ্যমে ১৪.৭৪ লাখের একটি বিশেষ প্রারম্ভিক মূল্যে বিক্রি করা হবে।

নতুন নেক্সন ইভি-এর লঞ্চ সম্পর্কে, টাটা প্যাসেঞ্জার ইলেকট্রিক মোবিলিটির ম্যানেজিং ডিরেক্টর শৈলেশ চন্দ্র বলেছেন, "নেক্সন ইভি হল একটি যুগান্তকারী বৈদ্যুতিক SUV যা দ্রুত বর্ধনশীল ইভি গ্রাহকদের ক্রমবর্ধমান চাহিদাগুলি পূরণ করেছে। এটি একটি স্মুথ, ফিউচারিস্টিক-ডিজাইন, সেফটি এবং সাস্টেইনেবিলিটির প্রতি প্রতিশ্রুতিবদ্ধ, যা স্মার্ট লাইফস্টাইলের বৈশিষ্ট্যগুলি অফার করেছে। সবুজ ভবিষ্যত সন্ধানকারীদের জন্য এটি একটি আদর্শ পছন্দ।"

# নিফটি-৫০'র মাইলফলক ২০,০০০ অতিক্রম বিষয়ে এনএসই'র এমডি ও সিইও আশীষকুমার চৌহানের বক্তব্য




**শিলিগুড়ি:** ভারতের জনপ্রিয় স্টক ইনডেক্স নিফটি-৫০ আজ ২০,০০০-এর একটি ঐতিহাসিক ও গুরুত্বপূর্ণ মাইলফলকে পৌঁছেছে। এপ্রসঙ্গে ন্যাশনাল স্টক এক্সচেঞ্জের এমডি ও সিইও আশীষকুমার চৌহান বলেন, ১,০০০-এর প্রাথমিক সংখ্যায় চালু হওয়ার পর গত ২৭ বছরে নিফটি-৫০'র অগ্রগতি থেকে দেখা যাচ্ছে যে, ভারতীয় ও বিদেশী বিনিয়োগকারীরা ভারতের ক্যাপিটাল মার্কেট এবং তার নিয়ন্ত্রক ও আইনি ব্যবস্থার প্রতি আস্থা রাখেন, যাতে ন্যায্য, দক্ষ, স্বচ্ছ, কম খরচে, সর্বদা উপলব্ধ, সুশৃঙ্খল বাজার পাওয়া যায়, যা কেবলমাত্র ট্রেডিং টেকনোলজির দিক থেকে নয়, বিশ্বের সেরা এবং চিন্তাশীল ও কার্যকরী অগ্রণীদের চেয়েও ভাল, এমন কী কর্পোরেট গভর্নেন্সের ক্ষেত্রেও। ৭.৫ কোটিরও বেশি ডাইরেক্ট ইউনিক প্যান নম্বর-ধারী বিনিয়োগকারীরা রয়েছেন, যারা এখন আমাদের সঙ্গে কাছে নিবন্ধিত হয়েছেন। তার মতে, এটা এই ইঙ্গিত বহন করে যে, ৫ কোটি পরিবার এনএসই প্রতিষ্ঠার পর থেকে বিগত কয়েক দশক ধরে ধারাবাহিকভাবে ইক্যুইটি বাজারে তাদের সঞ্চয়ের একটি অংশ সরাসরি বিনিয়োগ করে চলেছেন – বেস্ট-ইন-ক্লাস, মোস্ট অটোমেটেড, হাইলি রেগুলেটেড মার্কেটের মাধ্যমে।

আশীষকুমার চৌহান বলেন, তার নিজের অনুভূতি হল যে ভারত গত ৩০ বছরে তার মার্কেট পার্টিসিপেশন-এর ক্ষেত্রে অনেকদূর এগিয়েছে। তিনি জানান, "আমাদের আরও দীর্ঘ পথ পাড়ি দিতে হবে। শুরুর পক্ষে এটা খুব ভালো। অগ্রগতির যাত্রায় উত্থান-পতন থাকবে – যেমন অতীতেও ছিল। ভারত অগ্রগতি অব্যাহত রাখবে এবং মার্কেট নিফটি-৫০ ইনডেক্সের মতো সেই অগ্রগতিকে প্রতিফলিত করতে থাকবে। এনএসই আগামীদিনে ভারতে ন্যায্য, দক্ষ, স্বচ্ছ, সুশৃঙ্খল, কম খরচে, হাইলি অটোমেটেড মার্কেট তৈরি অব্যাহত রাখবে।"

# নতুন 'ভি প্রায়োরিটি' পরিষেবা লঞ্চ করেছে ভি

**শিলিগুড়ি:** শীর্ষস্থানীয় টেলিকম অপারেটর, ভি (Vi), তার মূল্যবান পোস্টপেইড গ্রাহকদের উন্নত গ্রাহক পরিষেবার অভিজ্ঞতা প্রদান করতে একটি নতুন পরিষেবা 'ভি প্রায়োরিটি' লঞ্চ করেছে। অল্প সংখ্যক সার্কেলে পরিচালিত একটি ট্রায়াল প্রকল্পের উপর ভিত্তি করে, এই নতুন পরিষেবার প্রবর্তনের পরিকল্পনা করা হয়েছে।

ভি প্রায়োরিটি গ্রাহকদের উচ্চ মানের অভিজ্ঞতা এবং পারফর্মেন্সের সাথে বিভিন্ন বৈশিষ্ট্যের সাথে গ্রাহক সন্তুষ্টি বৃদ্ধি করতে ডিজাইন করা হয়েছে। এই পরিষেবাটি ৬৯৯ টাকা এবং তার বেশি খরচের হাই-ভ্যালু প্ল্যানের পাশাপাশি ৪ বা তার বেশি খরচের ফ্যামিলি প্ল্যান সহ ভি পোস্টপেইড ব্যবহারকারীদের জন্য উপলব্ধ করা হয়েছে। এছাড়াও, এই পরিষেবাটি প্রবীণ নাগরিক এবং ভি-এর দীর্ঘমেয়াদী গ্রাহক যারা দশ বছর বা তার বেশি সময় ধরে এই টেলিকমের সাথে জড়িত রয়েছেন তাদেরও এটিতে অ্যাক্সেস দেওয়া হবে।

নতুন ভি প্রায়োরিটি পরিষেবা সম্পর্কে বলতে গিয়ে, ভোডাফোন আইডিয়া লিমিটেডের সিওও অভিজিৎ কিশোর বলেছেন, "ভি নেটওয়ার্কের কাছে এটি অত্যন্ত গর্বের যে এই বিশাল গ্রাহক বেস আমাদেরকে প্রথম থেকে দৃঢ় ভরসা করে আসছে এবং আমাদের এই মূল্যবান গ্রাহকদের জন্য আমরা ভি প্রায়োরিটি পরিষেবাটি লঞ্চ করতে পেরে ভীষণ আনন্দিত। এই পরিষেবাটির দ্বারা আমরা আমাদের বিশ্বস্ত গ্রাহকদেরকে অনন্য অফার এবং পরিষেবার দ্বারা উন্নত মানের অভিজ্ঞতা প্রদান করতে চাই।"

বর্তমানে, এই ভি প্রায়োরিটি পরিষেবাটি - মুম্বাই, দিল্লি, কলকাতা, গুজরাট, কর্ণাটক, কেরালা, মহারাষ্ট্র ও গোয়া, তামিলনাড়ু এবং অন্ধ্রপ্রদেশ- এই নয়টি সার্কেলে উপলব্ধ করা হয়েছে। খুব শীঘ্রই এই পরিষেবাটি দেশ জুড়ে অ্যাক্সেসযোগ্য করা হবে।

# উজ্জীবন স্মল ফিনান্স ব্যাংকের বিজনেস ম্যাক্সিমা কারেন্ট অ্যাকাউন্ট

**কলকাতা:** শীর্ষস্থানীয় স্মল ফিনান্স ব্যাংক 'উজ্জীবন স্মল ফিনান্স ব্যাংক' প্রিমিয়াম কাস্টমার সেগমেন্টের জন্য চালু করল ম্যাক্সিমা সেভিংস অ্যাকাউন্ট ও বিজনেস ম্যাক্সিমা কারেন্ট অ্যাকাউন্ট। এর ফলে নতুন ও বর্তমান গ্রাহকদের জন্য ব্যাংকিং এক্সপিরিয়েন্স আরও ভাল ও সুবিধাজনক হয়ে উঠবে।

উজ্জীবন স্মল ফিনান্স ব্যাংকের ম্যাক্সিমা সেভিংস অ্যাকাউন্টে বার্ষিক সুদের হার ৭.৫% অবধি। গ্রাহকরা এই অ্যাকাউন্ট খুলতে পারবেন ১ লক্ষ টাকা দিয়ে। ব্যালান্স এলিজিবিলিটি'র জন্য গ্রাহকরা এই অ্যাকাউন্টে ১৫ লক্ষ বা ততোধিক টাকা ফিক্সড ডিপোজিট রাখতে পারবেন। সুবিধাগুলির মধ্যে রয়েছে – হায়ার ট্রাঞ্জেকশন লিমিট, ফ্রি চেকবুক ও ডিডি'র সুবিধা, ফ্রি ট্রাঞ্জেকশন, আনলিমিটেড ক্যাশ ডিপোজিট ও উইথড্রয়াল। 'কমপ্লিমেন্টারি হেলথ প্রাইম বেনিফিট'ও পাওয়া যাবে এই অ্যাকাউন্টের সঙ্গে। বিজনেস ম্যাক্সিমা কারেন্ট অ্যাকাউন্ট ব্যবসায়িক সংস্থা ও উদ্যোগীদের নানারকম চাহিদা পূরণ করবে। এই অ্যাকাউন্টের সঙ্গে রয়েছে সহজ অনলাইন ব্যাংকিং, ইনস্ট্যান্ট ফান্ড ট্রান্সফার ও ক্যাশ ম্যানেজমেন্ট অপশন। অন্যান্য সুবিধাবলীর মধ্যে রয়েছে নিজস্ব ক্যাশ ডিপোজিট লিমিট নির্ধারণ, পিওএস সার্ভিসের জন্য ফ্রি ইনস্টলেশন ও রেন্টাল ফী এবং দৈনিক ৫ লক্ষ টাকা এটিএম উইথড্রয়াল লিমিট।

# বৈদ ফিনসার্ভের বার্ষিক সাধারণ সভায় এনসিডি চালুর অনুমোদন

BAID GROUP
Aapki Pragati Hamara Saath

**কলকাতা:** ভারতের অন্যতম শীর্ষস্থানীয় এমএসএমই ঋণ ও ভেহিকেল ঋণ প্রদানকারী সংস্থা বৈদ ফিনসার্ভ লিমিটেড প্রাইভেট প্লেসমেন্ট বেসিকের জন্য ২৫০ কোটি টাকার বেশি নয় এমন নন-কনভার্টিবল ডিবেঞ্চার (এনসিডি) ইস্যু করার প্রস্তাব অনুমোদন করেছে। গত ৭ সেপ্টেম্বর কোম্পানিটির ৩২তম বার্ষিক সাধারণ সভায় (এজিএম) এই প্রস্তাব অনুমোদিত হয়েছে।

১৯৯১ সালে প্রতিষ্ঠিত বৈদ ফিনসার্ভ লিমিটেড ভারতের শীর্ষস্থানীয় ভেহিকেল ঋণ ও এমএসএমই ঋণ প্রদানকারী সংস্থা। নন-ডিপোজিট টেকিং এনবিএফসি হিসেবে এই কোম্পানি অটো লোন, কমার্সিয়াল ভেহিকেল লোন, এমএসএমই লোন, সম্পত্তির পরিবর্তে ঋণ এবং অন্যান্য অ্যাসেট-ব্যাকড লোন প্রদান করে থাকে। সুবিধাবঞ্চিতদের পরিষেবা প্রদানের দিকে জোর দিয়ে বৈদ ফিনসার্ভ সম্প্রতি মধ্যপ্রদেশের পাশাপাশি রাজস্থানের আধা-শহুরে ও গ্রামীণ এলাকায় তার কার্যক্রম প্রসারিত করেছে।

২০২৩ সালের জুনে সমাপ্ত ২০২৪ অর্থবর্ষের প্রথম ত্রৈমাসিকে ১৩১% ইয়ার-অন-ইয়ার ভিত্তিতে বৃদ্ধি পেয়ে বৈদ ফিনসার্ভের নেট প্রফিট হয়েছে ৫.৬১ কোটি টাকা, যা বিগত বছরের একই সময়ে ছিল ২.৪০ কোটি টাকা। ২০২৪ অর্থবর্ষের প্রথম ত্রৈমাসিকে অপারেশন থেকে আয় ২৯.৬% বৃদ্ধি পেয়ে ১৮.২৪ কোটি টাকা হয়েছে, যা ২০২৩ সালের প্রথম ত্রৈমাসিকে ছিল ১২.৮৩ কোটি টাকা। বৈদ ফিনসার্ভ লিমিটেড পূর্ব রাজস্থানে ব্যাংকিং সুবিধাবঞ্চিত অঞ্চলে নিজেকে সুপ্রতিষ্ঠিত করেছে এবং ২৫টি জেলায় ৩২টি শাখা অফিসের মাধ্যমে কাজ করছে। এছাড়াও, বৈদ ফিনসার্ভ পশ্চিম মধ্যপ্রদেশে প্রবেশ করে ৮টি জেলায় ৫টি শাখা অফিসের মাধ্যমে কাজ শুরু করেছে।

# নিসান ম্যাগনাইট কুরো-এর স্পেশাল এডিশন লঞ্চ করেছে

**মুম্বই:** টানা আট বছরের জন্য, নিসান আইসিসি পুরুষদের ক্রিকেট বিশ্বকাপ ২০২৩-এর অফিসিয়াল পার্টনার। এই দীর্ঘস্থায়ী পার্টনারশীপ উদযাপন করার জন্য, নিসান ম্যাগনাইট কুরো (Magnite KURO) স্পেশাল সংস্করণ লঞ্চ করেছে।

কুরো শব্দটি জাপানি শব্দ "ব্ল্যাক"-এর থেকে এসেছে, এই প্রোডাক্টটি অনন্য থিমকে ব্যক্ত করেছে যা ইমপসিং স্টাইল এবং জাপানি এলিগেন্সের সাথে মিশ্রিত। কুরো থিমের এই বিশেষ সংস্করণের এসইউভিটি প্রিমিয়াম গুণমান এবং প্রতিষ্ঠিত নির্ভরযোগ্যতার প্রতিফলন। ম্যাগনাইট কুরো বিশেষ সংস্করণটি উৎসবের মরসুমে অর্থাৎ ২০২৩ সালের অক্টোবরে অফিসিয়াল লঞ্চ করা হবে এবং এর মূল্য ঘোষণা করা হবে। ম্যাগনাইট XV MT, Magnite Turbo XV MT, এবং Magnite Turbo XV CVT সহ সমস্ত উচ্চ শ্রেণীর গাড়িগুলি এখন ১১,০০০ টাকায় বুকিং করা যাবে। নিসান মোটর ইন্ডিয়ার ম্যানেজিং ডিরেক্টর রাকেশ শ্রীবাস্তব বলেছেন, "এই ছুটির মরসুমে গ্রাহকদের জন্য, নিসান ম্যাগনাইট কুরো স্পেশাল এডিশন একটি ব্যতিক্রমী ড্রাইভিং অভিজ্ঞতার পাশাপাশি স্টাইল, ভ্যালু এবং সেফটির সাথে প্রিমিয়াম বৈশিষ্ট্যগুলির একটি অল-ব্ল্যাক এলিগেন্স প্রদান করেছে।"

# সুরক্ষা ও বৃদ্ধি: আইসিআইসিআই প্রু লাইফের গ্যারান্টিড বেনেফিট প্রোডাক্টসের বিক্রয়ে ১৫৮% বৃদ্ধি

**শিলিগুড়ি:** ২০২০ অর্থবর্ষ থেকে ২০২৩ অর্থবর্ষ পর্যন্ত আইসিআইসিআই প্রুডেনশিয়াল লাইফ ইন্স্যুরেন্স গ্যারান্টিযুক্ত সেভিংস প্রোডাক্টস সেগমেন্টে ১৫৮% বৃদ্ধি ঘটাতে সক্ষম হয়েছে। বৃদ্ধির এই উত্থান গ্যারান্টিড বেনিফিট প্রদান করে এমন প্রোডাক্টগুলির প্রতি গ্রাহকদের অগ্রাধিকার দেওয়ার বিষয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ করছে।

বর্তমানে শেয়ার বাজারে ক্রমবর্ধমান অস্থিরতার কারণে গ্রাহকদের অগ্রাধিকার স্থানান্তরিত হয়েছে গ্যারান্টিযুক্ত সুবিধা প্রদানকারী প্রোডাক্টগুলির দিকে। গ্যারান্টিযুক্ত সুবিধা প্রদানকারী প্রোডাক্টগুলি মূলধনের সুরক্ষা ও স্থিতিশীল রিটার্ন নিশ্চিত করে। এই ক্যাটাগরির প্রোডাক্টগুলি আর্থিক স্থিতিশীলতা এবং একটি দ্বিতীয় আয়ের উত্স তৈরির সম্ভাবনা তৈরি করতে পারে।

ICICI PRUDENTIAL LIFE INSURANCE

আইসিআইসিআই প্রুডেনশিয়াল লাইফ ইন্স্যুরেন্সের সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট বিনোদ এইচ জানান, তারা লক্ষ্য করেছেন যে অনেক গ্রাহক আয়ের বিকল্প উৎস তৈরি করতে চাইছেন। কিছু গ্রাহক-বান্ধব পণ্য যেমন 'আইসিআইসিআই প্রু গ্যারান্টিড ইনকাম ফর টুমরো', 'আইসিআইসিআই প্রু গোল্ড' ও 'আইসিআইসিআই প্রু সুখ সমৃদ্ধি' গ্রাহকদের দীর্ঘমেয়াদী আর্থিক লক্ষ্যগুলি পূরণের পরিকল্পনা করতে সাহায্য করে। কয়েকটি প্রোডাক্ট গ্রাহকদের দ্বিতীয় পলিসি বছর থেকে একটি নিয়মিত বিকল্প আয়ের ব্যবস্থা করে। কয়েকটি প্রোডাক্ট থেকে 'ইনোভেটিভ সেভিংস ওয়ালেট ফিচার' পাওয়া যায়, যা প্রাপ্ত আয় জমিয়ে রাখার কাজে ব্যবহার করা যেতে পারে এবং ভবিষ্যতে প্রিমিয়াম প্রদান করতে বা এককালীন অর্থ হিসেবে গ্রহণ করা যেতে পারে। ম্যাচ্যুরিটি বেনিফিট জেনে নিয়ে গ্রাহকরা তাদের দীর্ঘমেয়াদী আর্থিক লক্ষ্যগুলির জন্য আরও ভাল পরিকল্পনা রচনা করতে সক্ষম হতে পারবেন বলে জানান তিনি।

# ভারতে অ্যাক্সিলারেটর প্রোগ্রাম লঞ্চ করেছে নেটকোর ক্লাউড

**কলকাতা:** হেডস্টার্ট নেটওয়ার্ক ফাউন্ডেশন এবং এআইসি-নালন্দা ইনস্টিটিউট অফ টেকনোলজি ফাউন্ডেশনের সহযোগিতায়, নেটকোর ক্লাউড, একটি শীর্ষস্থানীয় বিশ্বব্যাপী MarTech এবং গ্রাহক অভিজ্ঞতা কোম্পানি, "D2C ব্লেজ" নামে একটি স্টার্ট-আপ অ্যাক্সিলারেশন প্রোগ্রাম লঞ্চ করার ঘোষণা করেছে। ১২-সপ্তাহের গ্রোথ অ্যাক্সিলারেটর প্রোগ্রামটির লক্ষ্য হল নির্বাচিত প্রাথমিক পর্যায়ের D2C স্টার্ট-আপগুলিকে কোচিং প্রদান এবং গ্রাহকদের লাভের পথ অর্জনে সহায়তা করে তাদের বৃদ্ধিকে ত্বরান্বিত করা।

তৃতীয় বৃহত্তম স্টার্টআপ ইকোসিস্টেম সহ ভারত প্রতি বছর প্রচুর অত্যাধুনিক ব্যবসার আবির্ভাব দেখে। এই কারণে, প্রাথমিক পর্যায়ের কোম্পানিগুলিকে নেটকোর-এর D2C ব্লেজ প্রোগ্রামে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হয়েছে, যা তাদের উন্নতি এবং সাফল্যের জন্য একটি প্ল্যাটফর্ম প্রদান করেছে। নন্দ কুমার-এর অধীনে প্রোগ্রামটি ২০২৩-এর অক্টোবর থেকে ডিসেম্বর পর্যন্ত চলবে, যার বিভিন্ন কোম্পানির সাথে ঘনিষ্ঠভাবে কাজ করার এক দশকেরও বেশি দক্ষতা রয়েছে। এই প্রোগ্রামটি কোম্পানিগুলিকে শক্তিশালী ব্র্যান্ড পরিচয় প্রতিষ্ঠা করতে সহায়তা করবে।

প্রোগ্রামটি ২০২৩ এর ২০ সেপ্টেম্বর পর্যন্ত আবেদন গ্রহণ করবে। ৩০টি নির্বাচিত স্টার্ট-আপের জন্য একটি ডেমো ডে আয়োজিত করা হবে, যেখানে সম্ভাব্য বিনিয়োগকারীদের কাছে তাদের অগ্রগতি, উদ্ভাবন এবং সম্ভাব্য অর্থায়নের সুযোগগুলি প্রদর্শন করা হবে। এই উদ্যোগের বিষয়ে মন্তব্য করে, নেটকোর ক্লাউডের গ্রুপ সিইও কল্পিত জৈন, বলেছেন, "ভারতীয় স্টার্ট-আপগুলি ফান্ডিং, প্রোডাক্ট-মার্কেট ফিট, কম্পেটিশন, ট্যালেন্ট একুইজিশন এবং রেগুলেশনের মতো চ্যালেঞ্জগুলির মুখোমুখি হয়। 'D2C ব্লেজ' প্রোগ্রামের লক্ষ্য প্রাথমিক পর্যায়ের উদ্যোক্তাদের ক্ষমতায়ন করা এবং লাভজনকতার নির্দেশনা প্রদান করা।"

# আইপিএল-মডেল নৌকা প্রতিযোগিতা উন্নত করছে কেরালার পর্যটন শিল্প

**কলকাতা:** অভ্যন্তরীণ পর্যটন শিল্পে উল্লেখযোগ্য বৃদ্ধির পরে, কেরালা চ্যাম্পিয়ন্স বোট লিগ (সিবিএল) রেস অত্যাধুনিক অফারগুলির জন্য একটি শীর্ষ সমস্ত-মৌসুমের অভিজ্ঞতামূলক গন্তব্য হিসাবে নিজের অবস্থানকে আরো শক্তিশালী করেছে কেরালা। এই চ্যাম্পিয়ন লিগটি ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের (আইপিএল) অনুকরণে তৈরি করা হয়েছে। বার্ষিক সিবিএল-এর তৃতীয় মরসুম, এই মাসের শেষের দিকে শুরু হবে, যা সপ্তাহব্যাপী ওনাম উদযাপনকে অনুসরণ করে, সিবিএল রাজ্যের সমস্ত অঞ্চলে অভ্যন্তরীণ পর্যটন শিল্প বাড়বে বলে আশা করা হচ্ছে।

কেরালার ব্যাকওয়াটার জুড়ে যখন প্যান আউট হয়ে যায় তখন সিবিএল একটি অনন্য ভিজ্যুয়াল ট্রিট দেয়। এই অসাধারণ স্নেক বোট (চুন্দন ভালম), এমেরাল্ড ব্যাকওয়াটারের উপর দিয়ে দৌড়ানোর সময় দর্শকদের মাঝে প্রবল উৎসাহ এবং আনন্দের পরিবেশ তৈরি করে। দেশের পর্যটন শিল্পের বৃদ্ধির বিষয়ে মন্তব্য করে পর্যটন মন্ত্রী শ্রী পি এ মোহাম্মদ রিয়াস বলেছেন, "সিবিএল মরসুম, যা রাজ্যের ওনাম সপ্তাহ উদযাপনকে অনুসরণ করে, কেরালার দর্শনার্থীদের জন্য রাজ্যের বিভিন্ন দর্শনীয় স্থানগুলি দেখার জন্য একটি উত্তেজনাপূর্ণ সময়। এই বছরের উদ্ভাবনী পর্যটন অফারগুলির জন্য দেশের আরও দর্শকদের আকৃষ্ট করে, আমরা শিল্পটিকে পরবর্তী স্তরে নিয়ে যেতে চাই।"

কেরালা পর্যটন সম্প্রতি প্যাসিফিক এশিয়া ট্রাভেল অ্যাসোসিয়েশন (PATA) গোল্ড অ্যাওয়ার্ড জিতেছে। আরও অভ্যন্তরীণ পর্যটকদের আকর্ষণ করার জন্য কলকাতায় একটি পার্টনারশীপ বৈঠকের আয়োজন করা হয়েছে। এটি ভ্রমণ শিল্পের জন্য অনেকগুলি নেটওয়ার্কিং সুযোগ বৃদ্ধি করবে, যেমন ট্রেড শোতে অংশগ্রহণ এবং সেপ্টেম্বর এবং অক্টোবরে বিটুবি (B2B) ট্রেড মিটিং এর সংগঠন। এই মাসের শেষের দিকে বিশাখাপত্তনম থেকে শুরু করে, অক্টোবরে মুম্বাই, পুনে, সুরাট এবং রাজকোটে একটি সিরিজ বিটুবি বাণিজ্য বৈঠকের পরিকল্পনা করা হয়েছে।

# অপ্টামের কর্মীরা দৌড়লেন হায়দ্রাবাদ ম্যারাথনে

**কলকাতা:** অপ্টামের ১০০৫ জনেরও বেশি কর্মী গত ২৭ অগাস্ট অনুষ্ঠিত হায়দ্রাবাদ ম্যারাথনে দৌড়েছেন। অপ্টাম টিমে ছিলেন ৮৪১ জন পুরুষ ও ১৬৪ জন মহিলা। তারা ৪২ কিলোমিটার ফুল-ম্যারাথন, ২২ কিলোমিটার হাফ-ম্যারাথনে অংশ নিয়েছিলেন। এছাড়া, ১০ ও ৫ কিলোমিটার দৌড় প্রতিযোগিতাতেও তারা অংশগ্রহণ করেছিলেন। ৬ অগাস্ট অনুষ্ঠিত একটি প্র্যাকটিস রানেরও স্পনসর ছিল অপ্টাম। প্রতিবছর, এই ম্যারাথনের জন্য কর্মীদের প্রস্তুত করা হয় অপ্টামের লিভওয়েল প্রোগ্রামের মাধ্যমে এবং উৎসাহ জোগানো হয় তাদের ফিটনেস বজায় রাখার জন্য। এজন্য নিউট্রিশন, ফিটনেস ও কোচিং দেওয়ার ব্যবস্থা করা হয় বিশেষজ্ঞদের দ্বারা। লিভওয়েল হল অপ্টামের কর্মীদের সার্বিক সুস্থতা বিষয়ক কর্মসূচি।

হায়দ্রাবাদ ম্যারাথনে তাদের কর্মীদের উপস্থিতির সংখ্যাই গ্রাহক ও কর্মীদের জন্য উত্তমমানের একটি হেলথকেয়ার সিস্টেম গড়ে তোলার প্রতি অপ্টামের ঐক্যবদ্ধ লক্ষ্যের প্রমাণ, একথা জানিয়ে অপ্টাম গ্লোবাল সলিউশন্সের ম্যানেজিং ডিরেক্টর-ইন্ডিয়া উমা রত্নম কৃষ্ণান বলেন, লিভওয়েল-এর মাধ্যমে তাদের হাতে সার্বিক সুস্থতার চাবিকাঠি তুলে দেওয়া হয়। আগামী বছর এই ম্যারাথনে আরও বেশি সংখ্যায় তারা ফিরে আসতে পারবেন বলে তিনি আশাপ্রকাশ করেছেন।

# মাইন্ড ওয়ার্সের ন্যাশনাল স্পেল বি প্রতিযোগিতার জন্য গিয়ার আপ করুন

**কলকাতা:** জি এন্টারটেইনমেন্ট এন্টারটেইনমেন্ট লিমিটেড (ZEEL) এর ভারতে শীর্ষস্থানীয় শিক্ষামূলক প্রোগ্রাম মাইন্ড ওয়ারস, ভারতের সমস্ত মাধ্য বিদ্যালয়ের পড়ুয়াদের মধ্যে স্পেলিং এন্টাসিয়াস্টদের জন্য অসাধারণ খবর নিয়ে হাজির হয়েছে। মাইন্ড ওয়ার্স তার জাতীয় বানান প্রতিযোগিতা - স্পেল বি ২০২৩, প্রথমবারের মতো পরিচালনার জন্য প্রস্তুত। মাইন্ড ওয়ার্স স্পেল বি ২০২৩ হল একটি মাল্টি-স্টেজ ফরম্যাটের একটি অনন্য প্রতিযোগিতা, যেখানে অংশগ্রহণকারী স্কুলগুলিতে ইন্ট্রা-স্কুল রাউন্ডের সাথে প্রতিযোগিতা শুরু হবে। প্রতিটি বিভাগের সেরা তিনজন পড়ুয়া গ্র্যান্ড ফিনালেতে অগ্রসর হবে, যেখানে তাদের আকর্ষণীয় পুরস্কার, ট্রফি, সার্টিফিকেট এবং ব্যক্তিগত ও একাডেমিক বৃদ্ধি প্রদান করা হবে।২০২৩ সালে মাইন্ড ওয়ার্স প্রতিযোগিতায় সারা ভারত থেকে প্রায় ৩৯,০০০ জন রেজিস্টার করেছে। এই তরুণ বানানবিদদের এই চ্যালেঞ্জে এগিয়ে আসর জন্য উৎসাহিত করা হচ্ছে।

# ভারত ও সংযুক্ত আরব আমিরাতের মধ্যে ব্যাবসায়িক সম্পর্কের সম্প্রসারণ

**কলকাতা:** ভারত এবং সংযুক্ত আরব আমিরাতের মধ্যে একটি কম্প্রিহেন্সিভ ইকোনমিক পার্টনারশীপ এগ্রিমেন্ট (CEPA) সাক্ষর হতে চলেছে, যা রপ্তানির ৯০% শুল্ক-মুক্ত অ্যাক্সেস প্রসারিত করবে। ২০২৩-এর ১৮ এবং ১৯ সেপ্টেম্বর, পশ্চিমবঙ্গের শিলিগুড়িতে ভারত এবং সংযুক্ত আরব আমিরাতের মধ্যে অর্থনৈতিক সহযোগিতা ও সহযোগিতার সুযোগগুলিকে শক্তিশালী করার জন্য "SAIF ZONE 2023" ব্যবসায়িক মিটিং পরিকল্পনা করা হয়েছে। এই বৈঠকটি শিলিগুড়ির কোর্টইয়ার্ড বাই ম্যারিয়ট-এ করা হবে। ২০২৩ সালে এই ব্যবসায়িক বিনিয়োগকারীদের বৈঠকে "ইলেক্ট্রনিক্স এবং ইলেকট্রিক্যাল, আইটি, মূল্যবান পাথর এবং রত্ন, স্বাস্থ্যসেবা, খনি ও ধাতু, FMCG, টেক্সটাইল এবং কাপড়," ইত্যাদি এজেন্ডা নিয়ে আলোচনা করা হবে।

শারজাহ, সংযুক্ত আরব আমিরাতের সরকারী কর্মকর্তারা ব্যবসা সম্প্রসারণে সহায়তা করতে কোম্পানিগুলির সাথে দেখা করবেন এবং সংযুক্ত আরব আমিরাত সরকার এবং ফ্রিজোন যে সুবিধাগুলি প্রদান করবে সে সম্পর্কে তাদের ইনফর্ম করবেন। এই বৈঠকের লক্ষ্য হল ভারত এবং সংযুক্ত আরব আমিরাতের মধ্যে ব্যবসায়িক সম্পর্ক জোরদার করে, স্ট্র্যাটেজিক পার্টনারশীপ এবং পরিষেবা আলোচনার প্রচার করা। এটি ভারতীয় কোম্পানিগুলিকে নতুন বাণিজ্যিক উপায়গুলি এক্সপ্লোর করতে, শিল্প বিশেষজ্ঞদের সাথে পলিসি-বেসড আলোচনা সেট আপ করতে এবং কংক্রিট শিল্প সম্পর্কের জন্য ব্যবসায়িক স্ট্র্যাটেজিগুলিকে রিফাইন করতে সাহায্য করবে।

"SAIF ZONE 2023" এর লক্ষ্য হল ফ্রি জোন থেকে গালফ কোঅপারেশন কাউন্সিল (GCC) দেশগুলিতে পণ্য রপ্তানি করা, অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং বিনিয়োগকে উৎসাহিত করা। এছাড়াও, "SAIF ZONE 2023" ভারতীয় উদ্যোক্তাদের বিভিন্ন প্ল্যাটফর্ম প্রদান করবে যাতে তারা সরকারী সংস্থা এবং ব্যবসায়িক ব্যক্তিত্বদের সাথে সংযোগ স্থাপন করতে পারে।

# মেধাবী শিক্ষার্থীদের স্কলারশিপ দেবে ফিজিক্সওয়ালা

**শিলিগুড়ি:** ভারতের অগ্রণী ইউনিকর্ন এড-টেক কোম্পানি ফিজিক্সওয়ালা (পিডব্লিউ) তাদের 'ফিজিক্সওয়ালা ন্যাশনাল স্কলারশিপ কাম অ্যাডমিশন টেস্ট' (পিডব্লিউএনএসএটি ২০২৩) লঞ্চের কথা ঘোষণা করেছে। পিডব্লিউএনএসএটি-এর মাধ্যমে জেইই বা এনইইটি পরীক্ষায় আগ্রহী মেধাবী ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেনীর শিক্ষার্থীরা অফলাইন ও অনলাইন মোডে পরীক্ষা দেওয়ার সুযোগ পাবে।

এবছর, পিডব্লিউএনএসএটি পরীক্ষায় সফল শিক্ষার্থীদের ফিজিক্সওয়ালা ২০০ কোটির স্কলারশিপ দেবে। পিডব্লিউএনএসএটি ২০২৩ পরীক্ষা অক্টোবরের ১, ৮ ও ১৫ তারিখে অফলাইন মোডে এবং ১ থেকে ১৫ অক্টোবর পরীক্ষা দেওয়া যাবে অনলাইন মোডে। পরীক্ষার জন্য রেজিস্ট্রেশন করা যাবে পিডব্লিউ ওয়েবসাইট, অ্যাপ বা নিকটবর্তী অফলাইন পিডব্লিউ সেন্টারে, ১৫ অক্টোবর পর্যন্ত। পরীক্ষার ফল ঘোষণা হবে ২০ অক্টোবর।

ছাত্রছাত্রীরা এই স্কলারশিপের মাধ্যমে বিদ্যাপীঠ কেন্দ্রগুলিতে অভিজ্ঞ শিক্ষকমন্ডলীর কাছে পড়াশোনা করতে পারবে। বিদ্যাপীঠ কেন্দ্রগুলি দেশের সর্বত্র ছড়িয়ে রয়েছে এবং ওই কেন্দ্রগুলিতে ছাত্রছাত্রীরা জেইই/এনইইটি পরীক্ষার জন্য প্রয়োজনীয় সম্পূর্ণ শিক্ষাক্রম অনুসারে পড়াশোনা করতে পারবে।

পিডব্লিউ-এর বিদ্যাপীঠ অফলাইনের সিইও অঙ্কিত গুপ্তা বলেন, পিডব্লিউএনএসএটি-এর মাধ্যমে ছাত্রছাত্রীদের সাহায্য করা হবে যাতে তারা ইঞ্জিনিয়ারিং বা মেডিসিন বিষয়ে শিক্ষাগ্রহণ করে তাদের স্বপ্ন পূরণ করতে পারে। আর্থিক অবস্থা যাই হোক না কেন, প্রতিটি শিক্ষার্থী যাতে উচ্চমানের শিক্ষার সুযোগ পায় তা নিশ্চিত করতে চান তারা।

# 'ভি'র উদ্যোগে শিক্ষক দিবস উদযাপন

**শিলিগুড়ি:** অগ্রণী টেলিকম অপারেটর 'ভি' ড. সর্বপল্লী রাধাকৃষ্ণনের ১৩৫তম জন্মদিবসে শিক্ষক দিবস পালন করল। শিক্ষক দিবস উপলক্ষে ভি সমাজে উল্লেখযোগ্য অবদান রাখার জন্য শিক্ষকদের সম্মান জ্ঞাপন করেছে। ভি বাংলার ৫০০০-এরও বেশি শিক্ষক-শিক্ষিকাকে সংবর্ধনা জানিয়েছে, যারা সমাজের সকল স্তরের শিক্ষার্থীদের স্বার্থে কাজ করে চলেছেন।

গ্রাম ও শহর এলাকার সরকারি ও প্রাইভেট স্কুলগুলির শিক্ষক-শিক্ষিকাদের সম্মান জানিয়ে তাদের হাতে বিশেষ স্মারক তুলে দেওয়া হয়েছে 'ভি'র পক্ষ থেকে। সম্মান-স্মারক প্রদান করে ভোডাফোন আইডিয়া লিমিটেডের ক্লাস্টার বিজনেস হেড (ইস্ট) নবীন সিংভি বলেন, জ্ঞানপিপাসু শিক্ষার্থীদের উৎসাহ প্রদান, তাদের বেড়ে উঠতে সাহায্য করা ও শিক্ষার প্রতি ভালবাসা তৈরিতে অবদানের জন্য শিক্ষক সমাজকে সম্মান জ্ঞাপন করছে ভি। এই প্রচেষ্টার মাধ্যমে শিক্ষক সমাজের প্রতি ভি ব্যান্ডের পক্ষ থেকে শ্রদ্ধা প্রকাশ করা হল বলে উল্লেখ করেন তিনি।

# টিসিএস এবং কর্ণাটক সরকার টিসিএস রুরাল আইটি কুইজ ২০২৩ ঘোষণা করেছে

**মুম্বই:** টাটা কনসালটেন্সি সার্ভিসেস (TCS) এবং কর্ণাটক সরকারের ইলেকট্রনিক্স, আইটি, বিটি, এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ টিসিএস রুরাল আইটি কুইজ প্রোগ্রামের২৪ তম সংস্করণের ঘোষণা করেছে, যার রেজিস্ট্রেশন বর্তমানে খোলা রয়েছে। ইভেন্টটি বেঙ্গালুরু টেক সামিট ২০২৩-এর একটি অংশ।

এই কুইজটি অনলাইন টেস্ট, এবং ফিজিক্যাল কুইজ শো এর কম্বিনেশন। ভারতের ছোট শহর এবং জেলাগুলির অষ্টম থেকে দ্বাদশ শ্রেণীর পড়ুয়াদেরকে এই প্রোগ্রামে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হয়েছে। যদিও, সিটি কর্পোরেশনের স্কুলগুলি এই কুইজে অংশ নিতে পারবে না। এই কুইজে টেকনোলজিক্যাল এনভায়রনমেন্ট, ব্যবসা, এর কর্মচারী এবং নতুন প্রবণতা সহ প্রযুক্তির প্রয়োগের বিভিন্ন দিকগুলি নিয়ে আলোচনা করা হবে যেমন-শিক্ষা, বিনোদন, মাল্টিমিডিয়া, ইন্টারনেট, খেলাধুলা, গেমিং, সোশ্যাল নেটওয়ার্কিং এবং মোবাইল সহ আরো অনেক কিছু।

ভারত জুড়ে আটটি রিজিওনাল ফাইনাল অনুষ্ঠিত হবে এবং প্রতিটি রিজিওনাল ফাইনালের বিজয়ীকে নভেম্বরে বেঙ্গালুরুতে জাতীয় ফাইনালের জন্য আমন্ত্রণ জানানো হবে। সমস্ত আঞ্চলিক বিজয়ী এবং রানার্স আপকে যথাক্রমে ১০,০০০ এবং ৭,০০০ টাকার উপহারের পাশাপাশি শংসাপত্র দেওয়া হবে। জাতীয় বিজয়ী এবং রানার আপ যথাক্রমে ১০০,০০০ এবং ৫০,০০০ টাকা এবং টিসিএস এডুকেশন স্কলারশিপ পাবেন। উপরন্তু, সমস্ত রিজিওনাল এবং জাতীয় ফাইনালিস্টদের পুরস্কার দেওয়া হবে।

পড়ুয়ারা ২০২৩ এর ২১ শে সেপ্টেম্বর পর্যন্ত এই কুইজের জন্য রেজিস্টার- https://iur/ls/tcs-ruralitquiz2023reg করতে পারবেন।

# তিনটি ভেরিয়েন্টে টিআই-এর ব্লু লেগুন জিন

**মুম্বই:** ভারতের অন্যতম শীর্ষস্থানীয় ইন্ডিয়ান-মেড ফরেন লিকার (আইএমএফএল) প্রস্তুতকারক তিলকনগর ইন্ডাস্ট্রিজ লিমিটেড নিয়ে এলো নতুন ব্লু লেগুন প্রিমিয়াম জিন (Blue Lagoon Premium Gin)। নতুনভাবে ফিরে আসা এই জিন হল ট্রাডিশনাল ক্র্যাফটম্যানশিপের পারফেক্ট ব্লেন্ড। তার সঙ্গে রয়েছে কনটেম্পোরারি ডিজাইন। নতুন ব্লু লেগুন জিন আনা হয়েছে তিনটি পৃথক ভেরিয়েন্টে। তিলকনগর ইন্ডাস্ট্রিজের উদ্দেশ্য হল পূর্ব ও উত্তরপূর্ব ভারতের আইএমএফএল সেক্টরে আরও গভীরভাবে প্রবেশ করা। প্রথম পর্যায়ে ব্লু লেগুন জিন পাওয়া যাবে আসাম রাজ্যে।

নতুন ব্লু লেগুন জিনের তিনটি ভেরিয়েন্টের নতুন প্যাকেজিংও আকর্ষণীয়। এই জিন পাওয়া যাবে ১৮০এমএল, ৩৭৫এমএল ও ৭৫০এমএল প্যাকে, যেগুলির দাম যথাক্রমে ১১৫ টাকা, ২৩০ টাকা ও ৪৫৫ টাকা।

## দিনহাটা দিবস পালনের দাবি উঠলো দিনহাটায়



**নিজস্ব সংবাদদাতা, দিনহাটা:** পশ্চিমবঙ্গ দিবস পালন নিয়ে যখন রাজ্য রাজনীতি সরগরম, সেই সময় দিনহাটা দিবস পালনের দাবি উঠলো দিনহাটায়। কোচবিহার হেরিটেজ সোসাইটি দিনহাটা শাখার তরফ থেকে দিনহাটা দিবস পালনের দাবিতে উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী উদয়ন গুহের কাছে দাবিপত্র দেওয়া হয়। এই দাবিপত্র প্রদান করার সময় উপস্থিত ছিলেন সংগঠনের দিনহাটা শাখা সম্পাদক শঙ্খনাদ আচার্য, সজল সাহা প্রমুখ। দিনহাটা দিবস পালনের যৌক্তিকতার স্বীকার করে নিয়েছেন মন্ত্রী উদয়ন গুহ।

দাবিপত্র দেওয়ার পর সংগঠনের দিনহাটা শাখা সম্পাদক শঙ্খনাদ আচার্য বলেন, বিভিন্ন তথ্য থেকে জানা যায় ১৮৬৭ সালে ১১ জানুয়ারি দিনহাটা মহকুমার সৃষ্টি। ২০২৪ সাল থেকে ১১ জানুয়ারি দিনহাটা দিবস হিসেবে পালন করা জরুরী। আমরা হেরিটেজ সোসাইটির তরফ থেকে রাজ্যের উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী উদয়ন গুহের কাছে দাবি জানিয়েছি। আগামীদিনে দিনহাটা মহকুমা শাসকের কাছেও দাবি জানানো হবে।

এই বিষয়ে উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়নগুহ বলেন, হেরিটেজ সোসাইটির তরফ থেকে একটি দাবি রাখা হয়েছে। সেখানে বলা হয়েছে ১৮৬৭ সালের ১১ই জানুয়ারি কোচবিহার সদর মহকুমার পরেই দিনহাটা মহকুমার সৃষ্টি হয়েছে। অত্যন্ত পুরানো মহকুমা দিনহাটা মহকুমা। কাজেই ১১ জানুয়ারি দিনহাটা দিবস হিসেবে পালন করার উদ্যোগ নিলে ভালোই হয়। পাশাপাশি মন্ত্রী আরও বলেন, দিনহাটা সৃষ্টির ইতিহাস এই এলাকার মানুষের একটা আবেগ জড়িয়ে রয়েছে। কাজেই দিনহাটা সম্পর্কে চর্চা প্রসারিত করার উদ্যোগ নেওয়া দরকার।

## শিক্ষারত্ন পুরস্কার পেলেন অধ্যাপিকা হাদিদা ইয়াসমিন



**দেবাশীষ চক্রবর্তী, কোচবিহার:** প্রতিবছর রাজ্য সরকার শিক্ষক দিবসে বিশ্ববিদ্যালয় কলেজ এবং স্কুলের বিশিষ্ট শিক্ষকদের শিক্ষারত্ন পুরস্কার দিয়ে সম্মানিত করে। এবার এই পুরস্কার প্রাপকদের মধ্যে রয়েছেন কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপিকা হাদিদা ইয়াসমিন। কোচবিহার ল্যান্সডাউন হলে তার হাতে শিক্ষারত্ন পুরস্কার তুলে দেন কোচবিহারের জেলাশাসক পবন কাদিয়ান। শিক্ষারত্ন পুরস্কার পেয়ে খুশি প্রকাশ করে অধ্যাপিকা হাদিদা ইয়াসমিন, সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন এই পুরস্কার তিনি তার বাবা-মা এবং ছাত্র-ছাত্রীদের উৎসর্গ করছেন। মূলত মালদার বাসিন্দা অধ্যাপিকা হাদিদা ইয়াসমিন বলেন তিনি তার গ্রামের প্রথম মেয়ে তাকে পড়াশোনা করানোর জন্য তার বাবা-মা শহরে নিয়ে চলে আসে তারপর থেকে তার এই যাত্রা শুরু। তিনি মনে করেন এই পুরস্কার তার এই যাত্রাপথের একটি মাইলস্টোন ও বাবা মায়ের কষ্ট সার্থক হলো। মেয়েদেরকে আরো বেশি করে শিক্ষিত হতে হবে বলে তিনি মনে করেন। প্রত্যেকটি মেয়েকে স্বাবলম্বী হতে হবে এবং নিজের পায়ে দাঁড়াতে হবে যত বাধাই আসুক না কেন। মেয়েদেরকে কঠোরভাবে সমস্ত প্রতিকূল পরিস্থিতি অতিক্রম করে নিজেকে স্বাবলম্বী করে তোলার আবেদন তিনি জানান।

## শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উপলক্ষে বিশেষ র‍্যালির আয়োজন কোচবিহারে



**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** কোচবিহারে পালন করা হলো শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী। শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উপলক্ষে বিশেষ র‍্যালির আয়োজন করলো বিশ্বহিন্দু পরিষদের শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উদযাপন সমিতি। রাসমেলা ময়দান এলাকা থেকে এই র‍্যালির সূচনা হয়। হাজার হাজার সনাতন ধর্মের মানুষ এই র‍্যালিতে অংশগ্রহণ করে। এদিনের এই র‍্যালিতে অংশগ্রহণ করেন কোচবিহার দক্ষিণ বিধানসভা কেন্দ্রের বিধায়ক নিখিলরঞ্জন দে। এদিনের এই র‍্যালি কোচবিহার শহরের বিভিন্ন রাস্তা পরিক্রমা করে সনাতন ধর্মের প্রচারের পাশাপাশি শ্রীকৃষ্ণের বিভিন্ন বার্তা ছড়িয়ে দেয় সাধারণ মানুষের মধ্যে।

## দিনহাটায় "ভাদুরী খান" অনুষ্ঠান



**নিজস্ব সংবাদদাতা, দিনহাটা:** দিনহাটায় পঞ্চানন অনুগামী মঞ্চের উদ্যোগে "ভাদুরী খান" অনুষ্ঠানে উপস্থিত মন্ত্রী উদয়ন গুহ। রবিবার রাত দশটা নাগাদ দিনহাটায় পঞ্চানন অনুগামী মঞ্চের উদ্যোগে রাজবংশী মানুষদের কৃষ্টি সংস্কৃতিকে বাঁচিয়ে রাখতে "ভাদুরী খান" অনুষ্ঠানের আয়োজন করা হয়। সেখানে উপস্থিত ছিলেন উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী উদয়ন গুহ, দিনহাটা-১ পঞ্চায়েত সমিতির সভাপতি তপতি রায় বর্মন, চিকিৎসক অজয় মন্ডল, দিনহাটা পঞ্চানন অনুগামী মঞ্চের সভাপতি বিবেকানন্দ রায় সিংহ, সম্পাদক অশোক রায়, মহাদেব বর্মন, সমার্পণ রায় সহ অন্যান্য সদস্যরা। পাশাপাশি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান করেন শুকারুরকুঠি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক প্রসন্ন কুমার বর্মন।

## শিলিগুড়ি পৌর এলাকায় পানীয় জলের সমস্যা মেটাতে প্রকল্প



**নিজস্ব সংবাদদাতা, শিলিগুড়ি:** পানীয় জলের সমস্যা মেটাতে ৫১৩ কোটি প্রকল্পের ছাড়পত্র পেল শিলিগুড়ি পৌরনিগম। খুব দ্রুত মিটতে চলেছে শিলিগুড়িবাসীর পানীয় জলের সমস্যা। পানীয় জলের সমস্যা মেটাতে এবার গজলডোবা থেকে পানীয় জল প্রকল্প গড়ে সরবরাহের জন্য ৫১৩ কোটি প্রকল্পের ছাড়পত্র পেল শিলিগুড়ি পৌরনিগম। সোমবার সাংবাদিক সম্মেলন করে জানালেন শিলিগুড়ির মেয়র গৌতম দেব। জনস্বাস্থ্য কারিগরি বিভাগ শিলিগুড়ি পৌরনিগমের সঙ্গে যৌথ সহযোগিতায় ওই পানীয় জল প্রকল্পের কাজ করবে। অমৃত ২ প্রকল্পের অধীনে ওই প্রকল্পের ছাড়পত্র মিলেছে বলে জানান মেয়র। প্রকল্পের ৬২ শতাংশ রাজ্য, ৫ শতাংশ পৌরনিগম ও ৩৩ শতাংশ কেন্দ্র থেকে বরাদ্দ করা হবে। ইতিমধ্যে ওই প্রকল্পের প্রথম পর্যায়ের কাজের জন্য ২০২ কোটি টাকার কাজের অনুমতি পেয়েছে পৌরনিগম বলে জানা গিয়েছে।

## পঞ্চায়েত নির্বাচনে বিজয়ী প্রার্থীর বিজেপি থেকে তৃণমূলে যোগদান



**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** বামনহাট পাথরশনে তৃণমূলে যোগ দিলেন বিজেপি সমর্থিত পঞ্চায়েত নির্বাচনে জয়ী সাহেবগঞ্জের ৭/৯০ নং বুথের নির্দলপ্রার্থী মিরাতুন বিবি। সোমবার সকালে দিনহাটা-২ নম্বর ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি দীপক কুমার ভট্টাচার্যের হাত থেকে তৃণমূল কংগ্রেসের দলীয় পতাকা হাতে তুলে নিয়ে তৃণমূল কংগ্রেসের যোগ দিলেন বিজেপি সমর্থিত পঞ্চায়েত নির্বাচনে জয়ী সাহেবগঞ্জ গ্রাম পঞ্চায়েতের ৭/৯০ নং বুথের নির্দলপ্রার্থী মিরাতুন বিবি। এদিন সেখানে ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি ছাড়াও উপস্থিত ছিলেন প্রাক্তন দিনহাটা-২ নম্বর পঞ্চায়েত সমিতির সভাপতি বীরেন্দ্র বর্মন, সাহেবগঞ্জ অঞ্চল তৃণমূল সভাপতি ধরণীকান্ত বর্মন, গ্রামপঞ্চায়েত প্রধান অভিজিৎ বর্মন ছাড়াও অন্যান্য নেতৃত্বরা। এদিন যোগদান কর্মসূচির পর দলীয় কর্মীরা সবুজ আবির খেলায় মেতে ওঠেন।

## গাজল কদুবাড়িতে জন্মাষ্টমী উৎসব



**নিজস্ব সংবাদদাতা, মালদা:** মালদা গাজোল ব্লকের কদুবাড়ি এলাকায় একটি বেসরকারি বিদ্যালয়ে জন্মাষ্টমী উৎসবের আয়োজন করল। বুধবার জন্মাষ্টমী উপলক্ষে গোপাল সাজো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এই গোপাল সাজো প্রতিযোগিতা অনুষ্ঠানে প্রায় দেড়শো শিশু গোপাল সেজে অনুষ্ঠানে সামিল হন। এরপর স্কুলের পক্ষ থেকে প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিশুদের পুরস্কৃত করা হয়।

সংশ্লিষ্ট স্কুলের প্রধান শিক্ষক আনন্দমোহন তরফদার জানিয়েছেন, তাদের স্কুল প্রতিষ্ঠা হওয়ার পর এবার নবমতম জন্মাষ্টমী উৎসব পালন করা হলো। আর এই উৎসবকে ঘিরে ছোট ছোট শিশুরা প্রতিযোগিতায় অংশগ্রহণ করে আনন্দ উপভোগ করে। এছাড়াও জন্মাষ্টমী উৎসবকে ঘিরে সারাদিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

## শাহরুখের জাওয়ান দেখতে ভক্তদের ভিড়

**নিজস্ব সংবাদদাতা, জলপাইগুড়ি:** শাহরুখ খান অভিনীত জাওয়ান দেখতে পুরো হল বুক করা হল, কাটা হলো কেক, ফাটলো বাজি। বৃহস্পতিবার ভোরের আলো ফোটার আগেই শহরের প্রাণকেন্দ্র কদমতলার একটি মাল্টিপ্লেক্সে উপচে পরলো নতুন প্রজন্মের ভিড়, কেক কেটে বাজি ফাটিয়ে সাফল্য কামনা করা হলো শাহরুখ খানের সদ্য রিলিজ জাওয়ান সিনেমার। এই প্রসঙ্গে অভিনেতা শাহরুখ খান ফ্যানস ক্লাবের নর্থ বেঙ্গলের এক সদস্য উত্তেজনা এবং আবেগের সঙ্গে জানালেন, শাহরুখ খানের যে কোনো সিনেমা রিলিজ হলেই আমরা সবাই মিলে এই ভাবে সেলিব্রেশন করে প্রথমদিনের প্রথম শো দেখে আসছি দীর্ঘদিন থেকে। আজও জাওয়ান সিনেমার প্রথমদিনের প্রথম শো দেখতেই এই আনন্দ উচ্ছ্বাস।

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক সন্দীপন পণ্ডিত কর্তৃক ডাউয়াগুড়ি, কলেরপার, জেলাঃ কোচবিহার, পশ্চিমবঙ্গ, ডাক সূচক- ৭৩৬১৫৬ থেকে প্রকাশিত এবং জনবার্তা প্রিন্টিং প্রেস, দক্ষিণ খাগরাবাড়ী, জেলাঃ কোচবিহার, পশ্চিমবঙ্গ, ডাক সূচক- ৭৩৬১০১ থেকে মুদ্রিত। ● সম্পাদকঃ সন্দীপন পণ্ডিত ● Printed, Published and Owned by Sandipan Pandit and Printed at 'Janabarta' Printing Press, Dakshin Khagarbari, District: Cooch Behar, West Bengal, PIN Code: 736101 and Published at Dawaguri, Kolerpar, Dist.: Cooch Behar, West Bengal, PIN Code – 736156 Editor : Sandipan Pandit, Tele-Fax : 0353-2431015 Website : www.purbottar.in, e-mail : contact@purbottar.in RNI No.: 71057/96